## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম শহর থেকে প্রায় ২২ কিলোমিটার উত্তরে হাটহাজারি উপজেলার ফতেহপুর ইউনিয়নের জোবরা গ্রামে পাহাড়ী এবং সমতল ভূমির উপর অবস্থিত।

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়- ১৮ নভেম্বর ১৯৬৬ সালে।

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যায় ক্যাম্পাসের আয়তন- ১৭৫৪ একর ।

☑ প্রথম ভিসি- ড. আজিজুর রহমান মল্লিক।

☑ বর্তমান ১৮তম ভিসি- ড. শিরীণ আখতার।

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান মোট অনুষদ- ৭টি, বিভাগ- ৫২টি, ইনস্টিটিউট- ৫টি, গবেষণা কেন্দ্র- ৫টি।

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান মোট হল- ১২টি (ছাত্র হল- ৮টি, ছাত্রী হল- ৪টি)।

☑ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য- 'স্মারক ভাস্কর্য' এর স্থপতি শিল্পী মুর্তজা। এছড়াও বিশ্ববিদ্যালয় যাদুঘর, প্রাণিবিদ্যা যাদুঘর, সমুদ্র সম্পদ যাদুঘর এবং দেশের সবচেয়ে সমৃদ্ধ গ্রন্থাগার চট্টগ্রাম

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

### কলা ও মানববিদ্যা অনুষদ ভর্তি পরীক্ষা: ২০২১-২০২২

সময়: ১ ঘন্টা 'B'- ইউনিট (সকাল) পূর্ণমান: ১০০

### বাংলা

১. 'তার পিঠে রক্তজবার মতো ----- ছিলো' শূন্যস্থানে কী হবে?
ক) ফুল খ) রঙ গ) বেদনা ঘ) ক্ষত **উত্তর: ঘ**

তথ্য:
- আমি কিংবদন্তির কথা বলছি কবিতাটির রচয়িতা- আবু জাফর ওবায়দুল্লাহ।
- আবু জাফর ওবায়দুল্লাহ মন্ত্রী ছিলেন- কৃষি ও পানিসম্পদ মন্ত্রী।
- 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি গদ্যছন্দে ছন্দে রচিত।
- কবিতাটি রচনার মূল প্রেক্ষাপট- বাঙালী সংস্কৃতির হাজার বছরের ইতিহাস।
- কবিতার উদ্ধৃতি-

"আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।
তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।"

২. রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত উপন্যাস-
ক) মতিচূর খ) অবরোধ বাসিনী
গ) সুলাতানার স্বপ্ন ঘ) সুলতানার সাধ **উত্তর: গ**

তথ্য: বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন সম্পর্কিত গুরুত্বপূর্ন কিছু তথ্য:
- জন্ম: ৯ ডিসেম্বর ১৮৮০, রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে।
- উপন্যাস: পদ্মরাগ, Sultana's Dream (সুলতানার স্বপ্ন ইংরেজিতে লেখা)।
- গদ্যগ্রন্থ: অবরোধবাসিনী, মতিচূর।
- বেগম রোকেয়াকে মুসলিম নারী জাগরণের অগ্রদূত বলা হয়।
- ৯ ডিসেম্বর বাংলাদেশে রোকেয়া দিবস পালিত হয়।
- মৃত্যু: মৃত্যু- ৯ ডিসম্বের, ১৯৩২ সালে।

৩. যুদ্ধক্ষেত্রে সাদা নিশান ওড়ানো হয় কেন?
ক) যুদ্ধ বিরতির জন্য খ) যুদ্ধ জোরদার করার জন্য
গ) সন্ধি স্থাপনের জন্য ঘ) বিপদমুক্ত অবস্থানের জন্য **উত্তর: ক**

তথ্য:
- যুদ্ধক্ষেত্রে সাদা নিশান ওড়ানো হয়- যুদ্ধ বিরতির জন্য।
- সাদা পতাকা বা শ্বেত পতাকা আন্তর্জাতিকভাবে স্বীকৃত আত্মরক্ষামূলক প্রতীকী চিহ্ন, যা সাময়িক যুদ্ধবিরতি কিংবা স্থায়ী যুদ্ধবিরতির প্রদর্শন করা হয়।

৪. 'উপকারীর অপকার করে যে'- এক কথায় কী হবে?
ক) অকৃতজ্ঞ খ) কৃতজ্ঞ গ) কৃতঘ্ন ঘ) অপকারী **উত্তর: গ**

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ:
- উপকারীর অপকার করে যে = কৃতঘ্ন
- যে উপকারীর উপকার স্বীকার করে = কৃতজ্ঞ
- যে উপকারীর উপকার স্বীকার করে না = অকৃতজ্ঞ
- উপকারীর উপকার স্বীকার করে এমন = অকৃতঘ্ন

৫. আহসান হাবীব এর- পেশা কী ছিল?
ক) শিক্ষকতা খ) সরকারি কর্মকর্তা
গ) সাংবাদিকতা ঘ) ব্যবসা **উত্তর: গ**

তথ্য: আহসান হাবীব সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য:

| | |
|---|---|
| জন্ম পরিচয় | জন্ম:২ জানুয়ারি ১৯১৭ খ্রিস্টাব্দ। শংকরপাশা, পিরোজপুর। |
| কর্মজীবন | সহকারী সম্পাদক- দৈনিক তকবীর, মাসিক বুলবুল।<br>ভারপ্রাপ্ত সম্পাদক- মাসিক সওগাত।<br>স্টাফ আর্টিস্ট- আকাশবাণী, কলকাতা।<br>সাহিত্য সম্পাদক- দৈনিক বাংলা। |
| সম্পাদক | তিনি 'দৈনিক বাংলা পত্রিকা'র সম্পাদক ছিলেন। |
| পুরস্কার ও সম্মাননা | বাংলা একাডেমি পুরস্কার (১৯৬১), একুশে পদক (১৯৭৮), স্বাধীনতা পুরস্কর (মরণোত্তর) ১৯৯৪। |
| জীবনাবসান | ১০ জুলাই ১৯৮৫ খ্রিস্টাব্দ। |

৬. 'অন্তরঙ্গ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) অন্ত + রঙ্গ খ) অন্তঃ + রঙ্গ গ) অন্ত + অঙ্গ ঘ) অন্তঃ + অঙ্গ **উত্তর: ঘ**

তথ্য:
- অন্তঃ, পুনঃ, প্রাতঃ ইত্যাদির পর স্বরধ্বনি থাকলে সন্ধির ফলে বিসর্গ র্ হয়ে পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন:

| সন্ধি | শব্দ | সন্ধি | শব্দ |
|---|---|---|---|
| অন্তঃ + অঙ্গ | অন্তরঙ্গ | প্রাতঃ + আশ | প্রাতরাশ |
| অন্তঃ + তল | অন্তস্তল | নিঃ + অন্ন | নিরন্ন |
| অন্তঃ + ঈপ | অন্তরীপ | অন্তঃ + ঈক্ষ | অন্তরিক্ষ |
| পুনঃ + অধিকার | পুনরধিকার | পুনঃ + উক্তি | পুনরুক্তি |

৭. মজিদের মুখে থু থু দিয়েছিল কে?
ক) রহিমা খ) আমেনা বিবি গ) জমিলা ঘ) হাসুনির মা **উত্তর: গ**

তথ্য: 'লালসালু' উপন্যাস সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
- লালসালু সৈয়দ ওয়ালিউল্লাহ্-এর বিখ্যাত উপন্যাস।
- 'লালসালু' উপন্যাসের উপজীব্য হলো- গ্রামবাংলার মানুষের অশিক্ষা-কুশিক্ষা এবং ধর্মীয় ভন্ডামির নিখুঁত চিত্র।
- এই উপন্যাসটির প্রধান চরিত্র - মজিদ।
- এই উপন্যাসটির প্রধান নারী চরিত্র - জমিলা।
- উপন্যাসে- জমিলা তার হাত মজিদের হাত থেকে ছাড়িয়ে নিতে ব্যর্থ হয়ে হঠাৎ সিধা হয়ে মজিদের মুখের কাছে এসে পিক করে তার মুখে থু নিক্ষেপ করে। পেছনে পেছনে আসতে থাকা রহিমাকে উদ্দেশ্য করে মজিদ তখন অদ্ভূত গলায় বলে, হে আমার মুখে থু দিল! একটু পরে রহিমা তীক্ষ্ণ কণ্ঠে আর্তনাদ করে বলে ওঠে-কী করলা বইন তুমি কী করলা। তখন জমিলা স্তব্ধ হয়ে যায়।

৮. 'কূপমণ্ডুক' বাগধারাটি দ্বারা কী বোঝায়?
ক) বিশ্বাস প্রবণ খ) অলস
গ) সাধারণ মানুষ ঘ) সীমিত জ্ঞানের মানুষ **উত্তর: ঘ**

তথ্য:
- কূপমণ্ডুক: সীমিত জ্ঞানের মানুষ/সংকীর্ণমনা ব্যক্তি/ঘরকুনো

| গুরুত্বপূর্ণ কিছু বাগধারা: | |
|---|---|
| গোঁফখেজুরে: নিতান্ত অলস | কংস মামা: নির্মম আত্মীয় |
| অকর্মার ধাড়ি: অত্যন্ত অলস | কেতাদুরস্ত: পরিপাটি |
| ইতুনিদকুঁড়ে: অলস | কান কাটা: বেহায়া, নির্লজ্জ |
| রামাশ্যামা: সাধারণ লোক | কাঁচা পয়সা: নগদ উপার্জন |

৯. 'যত বড় মুখ নয় তত বড় কথা'- সংলাপটি কার?
ক) হলওয়ে খ) ওয়ালিখান গ) ক্লেটন ঘ) ক্লাইভ **উত্তর: গ**

তথ্য: সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- নাটকের মোট অঙ্কসংখ্যা- ৪টি ।
- নাটকটির মোট দৃশ্যসংখ্যা- ১২টি।

'সিরাজউদ্দৌলা' নাটকের কতিপয় সংলাপ-
- 'যত বড় মুখ নয় তত বড় কথা/ Victory or death- সংলাপটি ক্লেটনের।
- I do not see alone, you can also see every night- সংলাপটি ইংরেজ মহিলার।
- আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে- সিরাজ।
- এই জাহাজটাই এখন আমাদের কলকাতার দূর্গ- উক্তিটি গর্ভনর ডেকের।
- সিরাজের পতন কে না চায়?-সংলাপটি ঘসেটির।

Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. জীবনানন্দ দাশের মাতার নাম কী?
ক) কুসুমবালা দাশ খ) কুসুমকুমারী দাশ
গ) ফুলকুমারী দাশ ঘ) অন্নপূর্ণা দাশ উত্তর: খ

তথ্য:
- জীবনানন্দ দাশ জন্মগ্রহণ করেন- ১৭ ফেব্রুয়ারি, ১৮৯৯ সালে, বরিশালে।
- জীবনানন্দ দাসের মা কুসুমকুমারী দাসও একজন কবি।
- রূপসী বাংলার, নির্জনতার, তিমির হননের ও ধূসরতার কবি- জীবনানন্দ দাশ।
- **প্রবন্ধ:** কবিতার কথা।
- **কাব্যগ্রন্থ:** ঝরা পালক, ধূসর পান্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, বেলা অবেলা কালবেলা, রূপসী বাংলা।
- **উপন্যাস:** মাল্যবান, সুতীর্থ, কল্যাণী, কারুবাসনা।

১১. সে গ্রামের লোকেরা সুসভ্য হইয়াছে।'- 'চাষার দুক্ষু' রচনায় বাক্যটিতে ব্যক্ত গ্রামটি?
ক) কলকাতার খ) আসামের
গ) পশ্চিম মুর্শিদাবাদের ঘ) পূর্ব মুর্শিদাবাদের উত্তর: ঘ

তথ্য: রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'চাষার দুক্ষু' থেকে গুরুত্বপূর্ণ তথ্য:
- রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'চাষার দুক্ষু' শীর্ষক রচনাটি বাংলা একাডেমি প্রকাশিত "রোকেয়া রচনাবলি" থেকে চয়ন করা হয়েছে।
- 'চাষার দুক্ষু' প্রবন্ধটি তৎকালিন দারিদ্র্যপীড়িত কৃষকদের বঞ্চনার মর্মন্তুদ দলিল।
- 'চাষার দুক্ষু' রচনায় মুমূর্ষ অবস্থা থেকে মুক্তির জন্য গ্রামে গ্রামে পাঠশালা প্রতিষ্ঠার উপর গুরুত্ব দিয়েছেন।
- চাষার দুক্ষু' প্রবন্ধে ইউরোপীয় যুদ্ধের কথা বলা হয়েছে।
- সে গ্রামের লোকেরা সুসভ্য হইয়াছে- এখানে পূর্ব মুর্শিদাবাদের গ্রামের কথা বলা হয়েছে।

১২. মানুষের মধ্যে স্নেহ প্রীতির বন্ধন রচিত হয়- উত্তর: খ
ক) ধর্মীয় সংস্কারের কারণে খ) হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শে
গ) সমাজিক যোগাযোগের জন্য ঘ) সাম্প্রদায়িক মনোভাবের কারণে

তথ্য: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ তথ্য:
- 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচনাবলি থেকে সংকলিত হয়েছে।
- 'আহ্বান' গল্পটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প।
- গ্রামীন লোকায়ত প্রান্তিক জীবনধারার শাস্ত্রীয় কঠোরতা থেকে অনেকটা মুক্ত সে-সত্যও এ গল্পে উন্মোচিত হয়েছে।
- মানুষের মধ্যে স্নেহ-মমতা প্রীতির যে বন্ধন তা ধনসম্পদ নয়, হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শেই গড়ে ওঠে।
- ভাষারীতি : চলিতরীতি।

১৩. 'জ্ঞানের দীনতা এই আপনার মনে'- ঐকতান কবিতায় এর পরের পঙ্ক্তিটি-
ক) মর্মের বেদনা যত করিয়া উদ্ধার
খ) অতিক্ষুদ্র অংশেতার সম্মানের চির নির্বাসনে
গ) পূরণ করিয়া লই যত ভিক্ষালব্ধ ধনে
ঘ) সমাজের উচ্চ মঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে উত্তর: গ

তথ্য: কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- 'ঐকতান' কবিতাটি 'জন্মদিনে' কাব্যের কত সংখ্যক কবিতা?- ১০ সংখ্যক।
- 'ঐকতান' কবিতাটি কোন ছন্দে রচিত?– সমিল প্রবাহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
- কবিতার উদ্ধৃতি-

"যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী
কুড়াইয়া আনি।
জ্ঞানের দীনতা এই আপনার মনে
পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে।"

১৪. সিকান্দার আবু জাফর সম্পাদিত 'সমকাল' পত্রিকাটি ছিল-
ক) মাসিক খ) পাক্ষিক গ) সাপ্তাহিক ঘ) দৈনিক উত্তর: ক

তথ্য: সিকান্দার আবু জাফর সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

| | |
|---|---|
| জন্ম পরিচয় | ১৯ মার্চ ১৯১৯ খ্রিস্টাব্দ; তেঁতুলিয়া, তালা, সাতক্ষীরা। |
| কর্মজীবন/ পেশা | ▪ কলকাতার মিলিটারি একাউন্টস বিভাগে (১৯৩৯) পেশাগত জীবন শুরু করেন।<br>▪ চাকরি: রেডিও পাকিস্তান।<br>▪ সাংবাদিক: দৈনিক নবযুগ।<br>▪ সহযোগী সম্পাদক: দৈনিক ইত্তেফাক।<br>▪ প্রধান সম্পাদক: দৈনিক মিল্লাত।<br>▪ প্রতিষ্ঠাতা সম্পাদক: মাসিক সমকাল। |
| পুরস্কার | ▪ বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৬)।<br>▪ একুশে পদক (১৯৮৪, মরণোত্তর)। |
| জীবনাবসান | ৫ আগস্ট ১৯৭৫ খ্রিস্টাব্দ। |

১৫. 'উই হ্যাভ কাম টু আর্ন মানি অ্যান্ড নট টু গেট ইন টু পলিটিক্স।' সিরাজউদ্দৌলা নাটকের এই সংলাপ উচ্চারণ করছে-
ক) ক্লেটন খ) ওয়াটসন গ) হলওয়েল ঘ) জর্জ উত্তর: খ

তথ্য:
- সিকান্দার আবু জাফর রচিত বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজ-উদ-দৌলা চরিত্রকে নিয়ে রচিত বিখ্যাত নাটক- সিরাজউদ্দৌলা।
- ইংরেজ পক্ষের নৌবাহিনীর প্রধান ছিলেন- অ্যাডমিরাল ওয়াটসন।
- তিনি ছিলেন ব্রিটিশরাজের কমিশন পাওয়া অ্যাডমিরাল।
- ১৭৫৬ সালের ১৬ অক্টোবর মাসে মাদ্রাজ থেকে সৈন্যসামন্তসহ পাঁচখানি যুদ্ধজাহাজ নিয়ে তিনি কলকাতার দিকে রওনা হন।
- কলকাতা তখন ছিল নবাব সিরাজউদ্দৌলার দখলে।
- ওয়াটসন সিরাজকে বলেন- ইওর এক্সিলেন্সি আমাদের সম্বন্ধে ভুল খবর শুনেছেন। আমরা এ দেশে বাণিজ্য করতে এসেছি। উই হ্যাভ কাম টু আর্ন মানি অ্যান্ড নট টু গেট ইনটু পলিটিক্স। রাজনীতি আমরা কেন করব।

১৬. সৈয়দ ওয়ালীউল্লাহ'র কোন বইটি চেতনা প্রবাহ রীতির উপন্যাস হিসেবে পরিচিত?
ক) সুড়ঙ্গ খ) কাঁদো নদী কাঁদো
গ) উজানের মৃত্যু ঘ) দুই তীর উত্তর: খ

তথ্য: সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত সাহিত্যকর্ম:

| | |
|---|---|
| উপন্যাস | লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়; রচনা ১৯৬৩)। |
| ছোটগল্প | নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প। |
| নাটক | বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু। |

১৭. **Discrepancy**-এর পারিভাষিক রূপ-
ক) না মঞ্জুর খ) অচলাবস্থা
গ) ক্ষতি পূরণ ঘ) অসঙ্গতি উত্তর: ঘ

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা:

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Discrepancy | অসঙ্গতি | Diplomacy | কূটনীতিবিদ |
| Debenture | ঋণপত্র | Custom | প্রথা |
| Dialect | উপভাষা | Diplomat | কূটনীতিক |
| Divulge | প্রকার করা | Deadlock | অচলাবস্থা |
| Dowry | যৌতুক | Donation | দান, অনুদান |

১৮. কোন বানানটি শুদ্ধ?
ক) মুহর্মুহ খ) মুর্হমুহ
গ) মুহুর্মুহু ঘ) কোনোটিই নয় উত্তর: গ

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান:

| | | | | |
|---|---|---|---|---|
| মরীচিকা | মুহূর্ত | মনীষী | মুমূর্ষু | মুহুর্মুহু |
| মন্ত্রণালয় | মধ্যাহ্ন | মহীয়সী | মনোরঞ্জন | মহতী |
| মহী | মহীয়ান | মনীষা | মণ্ডূক | মঞ্জুর |

১৯. 'একটু' শব্দের 'টু' কী?
ক) প্রত্যয় খ) অনুসর্গ গ) অব্যয় ঘ) পদাশ্রিত নির্দেশক উত্তর: ঘ

তথ্য:
- কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে।
- এগুলো সাধারণত পদের শেষে যুক্ত হয় এবং বস্তু বা বিষয়ের আকার-প্রকার ও সংখ্যা-পরিমাণ নির্দেশ করে।

| বচনভেদে পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হয়। | |
|---|---|
| একবচনে | টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি নির্দেশক ব্যবহৃত হয়। যেমন: টাকাটা, বাড়িটা, কাপড়খানা, বইখানি, লাঠিগাছা, চুড়িগাছি ইত্যাদি। |
| বহুবচনে | গুলি, গুলা, গুলো, গুলিন প্রভৃতি নির্দেশক প্রত্যয় সংযুক্ত হয়। যেমন: মানুষগুলি, লোকগুলো, পটোলগুলিন ইত্যাদি। |

☑ 'এক' শব্দের সঙ্গে টা, টি, টু যুক্ত হলে অনির্দিষ্টতা বোঝায়। যেমন: একটি দেশ, সে যেমনই হোক দেখতে। কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি যুক্ত নির্দিষ্টতা বোঝায়। যেমন: তিনটি বছর, দশটি বছর, একটু খাবার দাও ইত্যাদি।

Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২০. জাদুঘর একটি-
ক) শিক্ষা প্রতিষ্ঠান খ) ধর্মীয় প্রতিষ্ঠান
গ) শক্তিশালী সামাজিক সংগঠন ঘ) বিনোদন কেন্দ্র উত্তর: গ

তথ্য:
- জাদুঘর এমন এক সার্বজনীন প্রতিষ্ঠান যেখানে নানা সভ্যতা ও সংস্কৃতির বৈচিত্র্যপূর্ণ ও ঐতিহাসিক নিদর্শন সংগ্রহ করে রাখা হয়।
- জাদুঘর ইতিহাস ও ঐতিহ্য, বিজ্ঞান ও সংস্কৃতি ইত্যাদি সম্পর্কিত জ্ঞান ও তথ্যের সঙ্গে জনগণকে আকৃষ্ট ও সম্পৃক্ত করায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- মানব সভ্যতা ও সংস্কৃতির বৈচিত্র্যপূর্ণ ও ঐতিহাসিক নিদর্শন সংগ্রহে রেখে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে মানবজাতির আত্মপরিচয় তুলে ধরার ক্ষেত্রে জাদুঘর অনবদ্য ভূমিকা পালন করে
- বিশ্বের প্রথম জাদুঘর অবস্থিত- আলেকজান্দ্রিয়া, মিশর।
- বাংলাদেশের প্রথম জাদুঘর- বরেন্দ্র গবেষণা জাদুঘর (১৯১৩)।
- উপমহাদেশে প্রথম ও একমাত্র জাতিতাত্ত্বিক জাদুঘর- চট্টগ্রামে অবস্থিত (১৯৬৫)।

২১. সৈয়দ শামসুল হকের রচনা কোনটি?
ক) পায়ের আওয়াজ পাওয়া যায় খ) বিসর্জন
গ) ওরাকদম আলী ঘ) সুবচন নির্বাসনে উত্তর: ক

তথ্য: সৈয়দ শামসুল হক রচিত সাহিত্যকর্ম:

| | |
|---|---|
| কাব্যনাটক | পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬), নূরলদীনের সারাজীবন (১৯৮২), গণনাটক (১৯৭৬), ঈর্ষা, এখানে এখন (১৯৮৮), বাংলার মাটি বাংলার জল, নারীগণ ইত্যাদি। |
| কাব্যগ্রন্থ | বৈশাখে রচিত পঙ্ক্তিমালা, প্রতিধ্বনিগন, পরানের গহীন ভিতর, রজ্জুপথে চলেছি, একদা এক রাজ্যে। |
| উপন্যাস | দেয়ালের দেশ, নিষিদ্ধ লোবান, খেলারাম খেলে যা, সীমানা ছাড়িয়ে, নীল দংশন। |
| ছোট গল্প | তাস, শীত বিকেল, আনন্দের মৃত্যু, রক্ত গোলাপ। |

২২. কোন শব্দটি ইতিবাচক?
ক) অপব্যয় খ) অপমান
গ) অপরূপ ঘ) অপযশ উত্তর: গ

তথ্য:
- 'অপরূপ' শব্দের অর্থ- অপূর্ব বা অতুলনীয়।
- 'অপব্যয়' শব্দের অর্থ- অপ্রয়োজনীয় ব্যয় বা বাজে খরচ।
- 'অপমান' শব্দের অর্থ- অবমাননা, লাঞ্ছনা, অসম্মান।
- 'অপযশ' শব্দের অর্থ- নিন্দা, কলঙ্ক, অখ্যাতি।

২৩. মোহাম্মদী বেগ কত টাকার বিনিময়ে সিরাজউদ্দৌলাকে হত্যা করতে রাজি হয়েছিল?
ক) ১০,০০০ খ) ৮,০০০ গ) ৭,০০০ ঘ) ৫,০০০ উত্তর: ক

তথ্য:
- 'সিরাজউদ্দৌলা' নাটকটি চারটি অঙ্কে ও বারোটি দৃশ্যে বিন্যস্ত।
- এর মধ্যে আটটি দৃশ্যেই সিরাজ স্বয়ং উপস্থিত।
- নাটকটির কাহিনি মুখ (exposition) উন্মোচিত হয়েছে যুদ্ধ দিয়ে। সিরাজউদ্দৌলা বাংলা সাহিত্যের অন্যতম ঐতিহাসিক ও ট্র্যাজেডি নাটক।
- মোহাম্মদী বেগ ১০,০০০ (দশ হাজার) টাকার বিনিময়ে সিরাজউদ্দৌলাকে হত্যা করতে রাজি হয়েছিল।
- সিরাজউদ্দৌলার সাথে বিশ্বাসঘাতকরা হলেন - মীর জাফর, ইয়ার লতিফ, রায় দুর্লভ, জগৎশেঠ, উমিচাঁদ, রাজা রাজ বল্লভ, মহারাজা নন্দকুমার, ঘষেটি বেগম, মীরন, মোহাম্মদী বেগ, ওয়াটসন, ওয়াটস, ক্লাফটন, রবার্ট ক্লাইভ, মীর কাশিম প্রমুখ।

২৪. 'রেইনকোট' গল্পের প্রধান চরিত্রটির নাম কী?
ক) আমানত খ) নুরুলহুদা
গ) নরুচ্ছফা ঘ) নুরুলদীন উত্তর: খ

তথ্য: আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পেরে গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে।
- 'রেইনকোট' মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে রচিত।
- পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গন্থে সংকলিত হয়।
- এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১ থেকে।
- 'রেইনকোট' গল্পে অধিকাংশ বিবৃত হয়েছে-নুরুল হুদা নামক একজন কলেজ শিক্ষকের জবানিতে।
- রেইনকোট' গল্পে কলেজের ডিপার্টমেন্টের উল্লেখ আছে- বোটানি, হিস্ট্রি, জিওগ্রাফি, ইংরেজি, কেমিস্ট্রি, উর্দু।

২৫. 'মাত্রাধিক্য' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) মাত্রা + অধিক্য খ) মাত্রা + আধিক্য
গ) মাত্র + অধিক্য ঘ) মাতৃ + অধিক্য উত্তর: খ

তথ্য:
- স্বরধ্বনির সাথে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে।
- অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন:

| অ + অ = আ | | | |
|---|---|---|---|
| নর+অধম | নরাধম | গত+অনুগতিক | গতানুগতিক |
| শশ+অঙ্ক | শশাঙ্ক | পুর+অধ্যক্ষ | পুরাধ্যক্ষ |
| অ + আ = আ | | | |
| হিম+আলয় | হিমালয় | রত্ন+আকর | রত্নাকর |
| কর+আঘাত | করাঘাত | পাগল+আমি | পাগলামি |
| আ+ অ = আ | | | |
| আশা+অতীত | আশাতীত | কথা+অমৃত | কথামৃত |
| আ+ আ= আ | | | |
| জমা+আনো | জমানো | মাত্রা+আধিক্য | মাত্রাধিক্য |
| বিদ্যা+আলয় | বিদ্যালয় | কশা + আঘাত | কশাঘাত |

২৬. কোন গুচ্ছটি সঠিক?
ক) আমার পথ, কাজী নজরুল ইসলাম খ) জননী, সুকান্ত ভট্টাচার্য
গ) পাছে লোকে কিছু বলে, মদনমোহন তর্কালঙ্কার
ঘ) রৈবর্তক, রবীন্দ্রনাথ ঠাকুর উত্তর: ক

তথ্য:
- 'আমার পথ' কাজী নজরুল ইসলাম রচিত প্রবন্ধ।
- 'জননী' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস।
- 'পাছে লোকে কিছু বলে' কামিনী রায় রচিত বিখ্যাত উপন্যাস।
- 'রৈবর্তক' নবীনচন্দ্র সেন রচিত বিখ্যাত মহাকাব্য।

২৭. কাজী নজরুল ইসলামের রচনা নয় কোনটি?
ক) অগ্নি-বীণা খ) বিষের বাঁশী গ) সন্ধ্যা ঘ) রাত্রিশেষ উত্তর: ঘ

তথ্য: কাজী নজরুল ইসলাম রচিত সাহিত্যকর্ম:
- প্রবন্ধগ্রন্থ: রাজবন্দীর জবানবন্দী, যুগ-বাণী, ধূমকেতু, রুদ্র-মঙ্গল, দুর্দিনের যাত্রী ইত্যাদি।
- কাব্যগ্রন্থ: অগ্নিবীণা, বিষের বাঁশী, সন্ধ্যা, ভাঙার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, জিঞ্জির, প্রলয় শিখা, দোলনচাঁপা, ছায়ানট, সিন্ধু-হিন্দোল, চক্রবাক, নতুন চাঁদ, ঝিঙেফুল, চন্দ্রবিন্দু ইত্যাদি।
- উপন্যাস: বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা ইত্যাদি।
- রাত্রিশেষ (কাব্যগ্রন্থ) রচয়িতা- আহসান হাবীব।

২৮. কোনটি অপেক্ষাকৃত আধুনিক ছন্দ?
ক) অক্ষরবৃত্ত খ) মাত্রাবৃত্ত গ) অমিত্রাক্ষর ঘ) ত্রিপদী উত্তর: গ

তথ্য:
- 'অমিত্রাক্ষর' ছন্দ বাংলা অক্ষরবৃত্ত ছন্দের নবরূপায়ণ।
- মাইকেল মধুসূদন দত্ত পয়ার ছন্দ-প্রথা ভেঙে নতুন ছন্দ গড়েন।
- মধুসূদন পূর্ব হাজার বছরের বাংলা কবিতার ছন্দ ছিল পয়ার।
- একটি চরণের শেষে আর একটি চরণের মিল ছিল ওই ছন্দের অনড় প্রথা।
- তিনি বাংলা কবিতার এ প্রথাকে ভেঙ্গে দিলেন।
- তার প্রবর্তিত ছন্দকে বলা হয় অমিত্রাক্ষর ছন্দ।

২৯. 'আমি কিংবদন্তীর কথা বলছি'- কবিতাটিতে কোন ঐতিহাসিক পটভূমি স্থান পেয়েছে?
ক) ভাষা আন্দোলন খ) গণ-অভ্যুত্থান
গ) মুক্তিযুদ্ধ ঘ) নব্বইয়ের গণ- আন্দোলন উত্তর: গ

তথ্য: 'আমি কিংবদন্তীর কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- আমি কিংবদন্তির কথা বলছি কবিতাটির রচয়িতা- আবু জাফর ওবায়দুল্লাহ।
- আবু জাফর ওবায়দুল্লাহ মন্ত্রী ছিলেন- কৃষি ও পানিসম্পদ মন্ত্রী।
- 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি গদ্যছন্দে ছন্দে রচিত।
- কবিতাটিতে উচ্চারিত হয়েছে ঐতিহাসচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা।
- তার কবিতায় বিশেষভাবে প্রাধান্য পেয়েছে রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ।

৩০. 'সপ্তাহ' শব্দটি কোন সমাস?
ক) প্রাদি খ) বহুব্রীহি গ) দ্বিগু ঘ) কর্মধারয় উত্তর: গ

তথ্য:
- সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে।


শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়।
- এতে পরপদের অর্থের প্রাধান্য পায়। যেমন:

| সমস্তপদ | ব্যাসবাক্য |
|---|---|
| সপ্তাহ | সপ্ত অহের (দিবসের) সমাহার |
| চৌরাস্তা | চৌ (চার) রাস্তার সমাহার |
| ত্রিপদী | ত্রি (তিন)পদের সমাহার |
| ত্রিকাল | তিন কালের সমাহার |
| চতুর্ভুজ | চার ভুজের সমাহার |

## English

**Choose the alternative (a, b, c or d) that best files in the blanks/answers the following:**

**1. ——— did Kamal realize that there was danger.**
a) After he had entered the store
b) When he entered the store
c) Upon entering the store
d) Only after entering the store **Ans:d**

তথ্য: এটি inversion এর প্রশ্ন।
**Inversion এর গঠন:**
(i) Only +preposition +noun (phrase) + auxiliary verb +Sub+ principal verb +ext. যেমন:
Only after doing M.B.A. did Mina qualify for BCS.
(ii) Negative adverb+ Auxiliary verb +Subject+ Principal verb + Extension. যেমন:
Never have many women received degrees as today.

**2. The leader, together with his supporters, ——— going to the party office today. Then he and his people ——— likely to visit the flood affected people.**
a) are, is b) is, is c) are, are d) is, are **Ans:d**

তথ্য:
- together with, along with, accompanied by, accompanied with, as well as দ্বারা যদি দুইটি subject যুক্ত হয় তবে প্রথম subject এর number এবং person অনুযায়ী verb হয়। My parents as well as I *were* present there.
- and দ্বারা যুক্ত একাধিক noun যদি দুটি আলাদা ব্যক্তি বা বস্তু বুঝায় তাহলে এদের verb টি plural হবে। He and I *were* playing.

**3. Diaspora refers to people who are ———**
a) permanent migrants b) unskilled migrant laborers
c) foreign residents d) political leaders **Ans:a**

তথ্য: এটি Text book এর প্রশ্ন। Diaspora প্রবন্ধে বলা হয়েছে,
The term 'diaspora' is used to refer to people who have left their homelands and settled in other parts of the world.

**4. The families were told to evacuate their houses immediately ———.**
a) at the time when the water begins to go up
b) when the water began to rise
c) when up was going the water
d) in the time when the water raised **Ans:b**

তথ্য: **বাক্যটির অর্থ:** পরিবার গুলোকে অবিলম্বে তাদের বাড়িঘর স্থানান্তরিত করতে বলা হয়েছিল যখন পানি বাড়তে শুরু করেছিল।

**5. The silent letter in the word 'Scissors'———.**
a) s b) o c) r d) c **Ans:d**

তথ্য: Scissors এর উচ্চারন হলো 'সিজারজ'। এখানে silent বর্ণটি হলো, 'c'। এমন আরো কিছু শব্দের তালিকা:

| শব্দ | উচ্চারন | শব্দ | উচ্চারন |
|---|---|---|---|
| Scene | সিন | Obscene | অবসিন |
| Muscle | মাসল | Disciple | ডিসাইপল |

**6. The manager _____ the salesperson _____ the conferences.**
a) made, attend b) made, to attend
c) make, attend d) makes, to attend **Ans:a**

তথ্য:
- এটি causative verb এর প্রশ্ন।
- কাউকে কোনো কিছু করতে বাধ্য করা (force) অর্থে অথবা have/get এর বেশি জোর প্রদান করতে make ব্যবহার করা হয়।
- Subject + make (any tense) + action doer (agent) + verb base form + extension
যেমন: He *made* me *work* for him.
I will try to *make* him *understand*.

**7. Any system is likely to ____ for ____ of support from the people.**
a) finish, failure b) survive, lack
c) fail, want d) succeed, reason **Ans:c**

তথ্য:

| | | | |
|---|---|---|---|
| finish | সমাপ্তি | fail | ব্যর্থতা |
| survive | জীবনযাপন করা | lack | ঘাটতি |
| fail | ব্যর্থ | want | চাওয়া |
| succeed | সফল | reason | কারণ |

- এটি vocabulary based শূণ্যস্থান। তাই বাক্যটির অর্থ জানা আবশ্যক।
- বাক্যটির অর্থ, জনগনের সমর্থনের অভাবে যেকোন ব্যবস্থা ব্যর্থ হওয়ার সম্ভাবনা রয়েছে।

**8. The word 'Brittle' is closest meaning to______**
a) cruel b) fragile c) strong d) strange **Ans:b**

তথ্য:
- brittle -ভঙ্গুর

| | |
|---|---|
| Cruel- নিষ্ঠুর, নৃশংস | Fragile- ভঙ্গুর |
| Strong- মজবুত, শক্তিশালী | Strange- অদ্ভুত, বিস্ময়কর |

**Synonym:** Fragile, frangible, friable
**Antonym:** Strong, sturdy, stable

**9. The boy is fond of playing cricket. Here the underlined word is a/an____**
a) participle b) verbal noun
c) gerund d) irregular verb **Ans:c**

তথ্য: Fond of- পছন্দ করে এমন
- যখন verb+ing noun এর স্থলে বসে এবং noun এর কাজ করে তখন তাকে gerund বলে। যেমন: *Reading* is an excellent habit.
- Preposition এর object হিসেবে verb+ing বসলে তা gerund হবে। যেমন: He is fond of *riding*.

**Gerund এর আরো কিছু ব্যবহার:**
- verb এর subject হিসেবে verb+ing বসলে তা gerund হবে। যেমন: *Working* in the morning is good for health.
- Transitive verb এর object হিসেবে verb+ing বসলে তা gerund হবে। যেমন: He started *teaching* Hamlet.
- be verb এর পরে gerund (verb+ing) হবে যদি তা কোনো কাজের নাম বুঝায়। যেমন: reading, walking, waiting,riding, gardening, teaching ইত্যাদি। Seeing is *believing*

**10. I didn't see Rafiq this morning, and ______**
a) neither did Kamal b) did neither Kamal
c) neither Kamal did d) either did Kamal **Ans:a**

তথ্য: এটি Negative agreement এর প্রশ্ন।
**Negative agreement:**
- Negative agreement হচ্ছে কারো না-সূচক বাক্যের সাথে মতৈক্য বা একমত প্রকাশ করা। এ ক্ষেত্রে নিম্নের নিয়ম দুইটি অনুসরণ করতে হবে:
(i)Subject + verb (negative) +…+ and + neither/nor + auxiliary verb + Subject.
Example: I don't like coffee neither do I
(ii) Subject + verb (negative) +…+ and + subject + auxiliary verb +not + either
Example: If you don't do it, I won't do it either


শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**11. Find out the correct sentence from the choices below.**
a) The girl resembles to her mother.
b) The girl resembles with mother.
c) The girl resembles her mother.
d) The girl resembles on her mother. **Ans:c**

তথ্য: ▪ resemble মানে দেখতে কারো মত হওয়া। resemble এর পরে preposition দরকার নেই। resemble মানে take after/look like (দেখতে কারো মত হওয়া)।

**Zero Preposition/No Preposition:**

| | | | |
|---|---|---|---|
| answer | compose | comprise | discuss |
| describe | emphasize | order | enter |
| investigate | join | meet | paint |
| resign | reach | recommend | resemble |

▪ সাধারণত এসকল verb এর পরে কোনো preposition বসে না, বরং সরাসরি object বসে।

**12. The antonym of 'tranquil' is____**
a) calm b) serene
c) obsequious d) agitated **Ans:d**

তথ্য: Tranquil, placid, composed, quiet, - শান্ত

| | |
|---|---|
| calm- শান্ত | agitated- উত্তেজিত |
| Obsequious- তোষামুদে (আচরণ) | serene -শান্ত |

**Synonym:** Tranquil, calm, placid, composed, quiet.
**Antonym:** Agitated, ruffled, restless.

**13. The passive form of the sentence 'The bird made the wind blow' is_____**
a) The wind was made blown by the bird
b) The wind was made blow by the bird
c) The wind was made to blow by the bird
d) The wind was blown to be made by the bird **Ans:c**

তথ্য: ▪ Active voice এ see, hear, make, help ইত্যাদি verb এর object এর পরে verb এর base form থাকলে Passive voice এ দ্বিতীয় verb (base form) এর পূর্বে উহ্য থাকা to বসাতে হয়।
যেমন: **Active:** He made me drive his car.
**Passive**: I was made to drive his car by him.

**14. A person who draws maps is a____**
a) lexicographer b) geologist
c) topographer d) cartographer **Ans:d**

তথ্য:

| | |
|---|---|
| Cartographer (মানচিত্রকর) | One who draws maps |
| Lexicographer (অভিধান রচয়িতা) | A person who writes/ complies/ edits dictionary |
| Geologist (ভূতত্ত্ববিদ) | One who studies rocks and soil |
| Architect (স্থপতি) | One who plans and draws the designs of building |
| Sculptor (ভাস্কর) | One who carves on stone |
| Linguist (বহুভাষাবিদ) | A person who is skilled in several foreign languages |

**15. Choose the correct sentence.** **Ans:b**
a) The foe, beating at every point, fled from the field.
b) The foe, beaten at every point,fled from the field.
c) The foe, beaten at every points, fled from the field.
d) The foe, beaten at every point, flying from the field.

তথ্য: ▪ এখানে একটি subject আছে তাই একটি finite verb যা হলো fled.
▪ মনে রাখতে হবে past participle বাক্যে adjective হিসেবে ব্যবহৃত হয়। তাই এখানে beaten হলো adjective.
▪ every এর singular noun হয় তাই points না হয়ে point হবে।

**16. Renaissance first came to____**
a) Italy b) England
c) France d) Germany **Ans:a**

তথ্য: রেনেসা শুরু হয়েছিল ইতালী থেকে এবং সেখান থেকেই ইউরোপসহ সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে।

**17. The committee has met and_____**
a) they have reached a decision
b) it has formulated themselves some opinion
c) its decision was reached at
d) it has reached a decision **Ans:d**

তথ্য: ▪ Collective noun হচ্ছে অবিভক্ত সমষ্টি এবং এর verb ও pronoun দুটোই singular হয়ে থাকে।
▪ Subject/Antecedent যদি singular হয় তবে verb এবং পরবর্তী pronoun টি সর্বদাই singular হবে।
যেমন: The **jury** is giving **its** verdict today.
The **family** does **its** best to make a living.
**The committee** has met and **it** has reached a decision.
▪ Subject/antecedent যদি plural হয় তবে verb এবং পরবর্তী pronoun টি ও সর্বদাই plural হবে।
যেমন: The **jury are** divided in **their** opinions.
It is **they** who **have** done **their** duty.

**18. It was not until she had reached home remembered her appointment with her doctor.**
a) when she b) that she
c) and she d) she **Ans:b**

তথ্য: ▪সঠিক expression টি হচ্ছে It was not until ---- that.
▪এখানে when ব্যবহার করা অপ্রয়োজনীয়।

**19. Automobile-production in the US___**
a) have taken stupms and rises in recent years
b) has been rather erratic recreation
c) has been erratically letely
d) are going up and down all that time **Ans:b**

তথ্য: ▪ এখানে Subject হলো production যা singular subject তাই verb হবে singular হবে।
▪ অপশন b & c তে singular verb থাকলেও c তে be verb এর পর adverb থাকায় এটি ভুল। কারন be linking verb। তাই অপশন b সঠিক।

**20. Public television stations are different from commercial stations____**
a) because they receive money differently from different types of shows
b) for money and program types
c) in the areas of funding and program
d) because the fromer receives money and has programms differently from the latter **Ans:c**

তথ্য: ▪ Public television stations are different from commercial stations in two basic ways.
(i) They receive money/funding differently from the way commercial stations do.
(ii) Their programming is different from that of commercial stations.

**21. Identify the correctly spelled word____**
a) meticulus b) meticulas
c) meticulous d) meticolous **Ans:c**

তথ্য: **কিছু গুরুত্বপূর্ণ correct spelling:**

| | | |
|---|---|---|
| Meticulous | Machinery | Miniature |
| Malevolent | Misconceive | Missionary |
| Mausoleum | Misfeasance | Mnemonic |
| Mediaeval | Mischief | Manoeuvre |

**22. Culture influences the way_____**
a) the world views b) is the view of the world
c) that we view the world
d) the world is viewing **Ans:c**



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

তথ্যঃ ▪ Option 'c' ব্যতিত অন্যান্য অপশনে finite verb থাকলেও linker না থাকায় এগুলো ভুল। তাই অপশন c সঠিক।

**23. There are thirty people in the room, Twenty are from Asia and ______ are from ______ countries.**

a) others, other's  b) the others, the other
c) others, other  d) the others, the others' **Ans:c**

তথ্যঃ ▪ Others হলো pronoun আর other হলো adjective তাই other এর পরে noun হবে।

**24. A Poet Laureate is___**

a) the best poet of the country
b) A nobel prize winner in poetry
(c) a classical poet
d) a court poet of England **Ans:d**

তথ্যঃ ▪ Poet laureate- ব্রিটেনের রাজকবি যা একটি সম্মানসূচক পদ।
▪ Ben Jonson is the first Poet Laureate

**25. The fact that space exploration has increassed threatically in the past three years______.**

a) is an evidence of us wanting to know mare of our solar systems
b) how we want to learn more about the solar systems
c) is pointing to evidences of our intention to know a lot more about what is called our solar systmes
d) indicates that we are very eager to learn all we can about our solar systems **Ans:d**

তথ্যঃ ▪ অর্থগতভাবে (d) সঠিক। অপশন (d) ব্যতিত অন্য অপশনগুলো verbose তাই সেগুলো গ্রহনযোগ্য নয়।

## সাধারণ জ্ঞান

**১. কোন সেতুকে দক্ষিণ বঙ্গের প্রবেশ দ্বার বলা হয়?**

ক) গোমতী সেতু  খ) বুড়িগঙ্গা সেতু
গ) মাওয়া সেতু  ঘ) পদ্মা সেতু **উত্তরঃ ঘ**

তথ্যঃ ▪ পদ্মা সেতুর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হবে, ফলে দেশের দক্ষিণ-পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটাবে তাই একে দক্ষিণবঙ্গের প্রবেশদ্বার বলা হয়।
▪ পদ্মা সেতুর নির্মাতা প্রতিষ্ঠান- চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড।
▪ পদ্মা সেতুর অবস্থান মুন্সীগঞ্জের মাওয়া হতে শরীয়তপুরের জাজিরা পর্যন্ত।
▪ পদ্মা সেতুর দৈর্ঘ্য- ৬.১৫ কিলোমিটার।
▪ প্রস্থ- ২১.৬৫ মিটার, লেন- ৪টি, মোট পাইলের সংখ্যা- ২৬৪ টি।

**২. মাইকেল এঞ্জেলো ছিলেন মূলত খ্যাতিমান-**

ক) ভাস্কর  খ) চিত্রশিল্পী  গ) স্থপতি  ঘ) সঙ্গীত শিল্পী **উত্তরঃ ক**

তথ্যঃ ▪ রেনেসাঁস যুগের মাইকেল এঞ্জেলা মূলত একজন ভাস্কর।
▪ এছাড়াও তিনি চিত্রকর, কবি ও স্থপতি।
▪ তার বিখ্যাত ভাস্কর্যগুলো: ডেভিড, পিয়েটা, মোজেম।
▪ তার বিখ্যাত চিত্রকর্ম- দি ক্রিয়েশন অব অ্যাডাম ও দ্য লাস্ট জাজমেন্ট।

**৩. পিরামিড হচ্ছে বিশাল পাথরের তৈরি-**

ক) ত্রিভুজ আকৃতির মন্দির  খ) ত্রিভুজ আকৃতির সমাধি
গ) চতুর্ভুজ আকৃতির ভবন  ঘ) বিশাল পাথরের মুর্তি **উত্তরঃ খ**

তথ্যঃ ▪ পৃথিবীর সবচেয়ে প্রচীন স্তম্ভ পিরামিড।
▪ পিরামিড হচ্ছে বিশাল পাথরের তৈরি ত্রিভুজ আকৃতির সমাধি।
▪ প্রাচীন মিশরে রাজা ফিরাউনদের সমাধি দেয়ার জন্যই এগুলো নির্মাণ করা হয়।
▪ পিরামিড তৈরি হয়েছিল প্রায় খ্রিস্টপূর্ব ৫৬০০ বছর পূর্বে।
▪ পিরামিড এর উচ্চতা প্রায়- ৪৮১ ফুট।

**৪. 'টেক অফ' শব্দটি কোন খেলার সঙ্গে সম্পৃক্ত?**

ক) ফুটবল  খ) ভলিবল  গ) ক্রিকেট  ঘ) এ্যাথলেটিক **উত্তরঃ ঘ**

তথ্যঃ ▪ 'টেক অফ' শব্দটি এ্যাথলেটিক খেলার সঙ্গে সম্পৃক্ত।

| বিভিন্ন খেলার সাথে যুক্ত শব্দ | |
|---|---|
| ফুটবল | উইংস, ডাইরেক্ট ফ্রী কিক, থ্রো-ইন, গোল কিক, পেনাল্টি কিক, কর্নার কিক, ইয়োলো কার্ড, রেডকার্ড, ট্যাকল, মার্কিং, ড্রিবলিং, হেডিং, অফ সাইড ইত্যাদি। |
| ভলিবল | বেসলাইন, ব্লকিং, ডাবলিং, ফুট ফল্ট, হিভ, হোল্ডিং, জাম্প সেট, লাভ অল, ট্যাকটিক্যাল বল, ভলি, নেটশট ইত্যাদি। |
| ক্রিকেট | পিচ, উইকেট, রান আউট, বোল্ড আউট, মেডেন ওভার, আম্পায়ার, স্পিনার, স্লিপ, গুগলি, প্লেড অন ইত্যাদি। |

**৫. ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতায় বিজয়ী দেশ-**

ক) জার্মানি  খ) ফ্রান্স  গ) আর্জেন্টিনা  ঘ) ক্রোয়েশিয়া **উত্তরঃ খ**

তথ্যঃ গত পাঁচ বিশ্বকাপের কিছু তথ্য:

| বিশ্বকাপ | অনুষ্ঠিত সাল | স্বাগতিক দেশ | চ্যাম্পিয়ন | রানার্স আপ |
|---|---|---|---|---|
| ১৭তম | ২০০২ | জাপান ও দক্ষিণ কোরিয়া | ব্রাজিল | জার্মানি |
| ১৮ তম | ২০০৬ | জার্মানি | ইতালি | ফ্রান্স |
| ১৯ তম | ২০১০ | দক্ষিণ আফ্রিকা | স্পেন | নেদারল্যান্ডস |
| ২০ তম | ২০১৪ | ব্রাজিল | জার্মানি | আর্জেন্টিনা |
| ২১ তম | ২০১৮ | রাশিয়া | ফ্রান্স | ক্রোয়েশিয়া |
| ২২তম | ২০২২ | [সর্বশেষ তথ্য দেখুন] | | |

**৬. বিখ্যাত সংগীত 'কফি হাউসের সেই আড্ডাটা' কার রচনা?**

ক) মান্না দে  খ) আলতাফ মাহমুদ
গ) গৌরী প্রসন্ন মজুমদার  ঘ) ইমতিয়াজ বুলবুল **উত্তরঃ ক**

তথ্যঃ ▪ মান্না দের আসল নাম- প্রবোধ চন্দ্র দে।
▪ জন্মঃ ১ মে ১৯১৯। মৃত্যুঃ ২৪ অক্টোবর, ২০১৩।
▪ তিনি ছিলেন ভারতীয় উপমহাদেশের অন্যতম সেরা সঙ্গীতশিল্পী।
▪ বিখ্যাত গান- কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই।

**৭. ভারতবর্ষে দাস বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?**

ক) সুলতান মাহমুদ  খ) মুহম্মদ ঘোরী
গ) কুতুব উদ্দিন আইবেক  ঘ) ইলতুতমিশ **উত্তরঃ গ**

তথ্যঃ ▪ কুতুব উদ্দিন আইবেক ছিলেন তুর্কিস্তানের অধিবাসী এবং মুহম্মদ ঘুরীর ক্রীতদাস।
▪ কুতুব উদ্দিন আইবেক ভারতবর্ষে দাস বংশের এবং ভারতবর্ষে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা।
▪ উদার দানশীলতার জন্য তিনি লাখবক্স নামে পরিচিত।

**৮. 'বোধি' শব্দের অর্থ কী?**

ক) পরম জ্ঞান  খ) জাতিস্মর জ্ঞান
গ) সাধারণজ্ঞান  ঘ) ব্রহ্মজ্ঞান **উত্তরঃ ক**

তথ্যঃ ▪ 'বোধি' শব্দের অর্থ- পরম জ্ঞান।
▪ বোধ শব্দটি বৌদ্ধধর্মের সাথে সম্পর্কিত।
▪ গৌতম বুদ্ধ, বুদ্ধ গয়ায় যে গাছের নিচে বসে সাধনা করে বোধি লাভ করেন সেই গাছের নাম বোধিবৃক্ষ।

**৯. বাংলাদেশের সংবিধান কত তারিখে কার্যকর হয়?**

ক) ১৩ জানুয়ারি ১৯৭২ সাল  খ) ১৭ এপ্রিল ১৯৭২ সাল
গ) ১৯ অক্টোবর ১৯৭২ সাল  ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭২ সাল **উত্তরঃ ঘ**

তথ্যঃ ▪ সংবিধান হল একটি রাষ্ট্রের সর্বোচ্চ আইন।
▪ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অস্থায়ী সংবিধান আদেশ জারি করে- ১১ জানুয়ারি, ১৯৭২ সালে।
▪ 'খসড়া সংবিধান' গণপরিষদে উত্থাপন করা হয়- ১২ অক্টোবর, ১৯৭২ সালে।
▪ 'খসড়া সংবিধান' গণপরিষদে গৃহীত হয়- ৪ নভেম্বর, ১৯৭২ সালে।
▪ বাংলাদেশের সংবিধান কখন কার্যকর হয়- ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে।
▪ বাংলাদেশের সংবিধানের স্থপতি বা জনক- ড.কামাল হোসেন।
▪ বাংলাদেশ সংবিধানের অধ্যায় বা ভাগ- ১১টি; অনুচ্ছেদ- ১৫৩টি।
▪ বাংলাদেশের সংবিধানের (১৯৭২) মুলনীতি ৪টি যথাঃ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতাবাদ।

**১০. বাংলাদেশে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত মিলিমিটার?**

ক) ২১০০  খ) ২২০০  গ) ২৩০০  ঘ) ২৪০০ **উত্তরঃ গ**

তথ্যঃ ▪ বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত- ২০৩ সেন্টিমিটার (২০৩০ মিলিমিটার)
▪ বার্ষিক গড় তাপমাত্রা ২৬.০১° সে. [২০৩০ না থাকলে ২৩০০ মি.মি. উত্তর]
▪ বাংলাদেশের সর্বোচ্চ বৃষ্টিপাত হয়- লালাখাল (সিলেট) ৩৮৮ সেন্টিমিটার।
▪ বাংলাদেশের সর্বনিম্ন বৃষ্টিপাত হয়- লালপুর (নাটোর) ১৫৪ সেন্টিমিটার।
▪ বাংলাদেশে বৃষ্টিপাতের বর্ষাকালে হয়- শতকরা ৮০ ভাগ (প্রায়)।
▪ বাংলাদেশের উষ্ণতম স্থান- লালপুর (নাটোর)।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- বাংলাদেশের শীতলতম স্থান- শ্রীমঙ্গল (মৌলভীবাজার)।
- বাংলাদেশের উষ্ণতম জেলা- রাজশাহী।
- বাংলাদেশের শীতলতম জেলা- সিলেট।

**১১. লালমাই পাহাড় কোন জেলায় অবস্থিত?**
ক) গাজীপুর খ) টাঙ্গাইল গ) ময়মনসিংহ ঘ) কুমিল্লা **উত্তর: ঘ**

তথ্য:
- সমভূমি বাংলাদেশের ভূ-প্রকৃতি- তিন ধরণের। টারশিয়ারি যুগের পাহাড়ি অঞ্চল, প্লাইস্টোসিনকালের সোপান অঞ্চল ও সাম্প্রতিককালের প্লাবন সমভূমি।
- প্লাইস্টোসিনকালের সোপান অঞ্চল সৃষ্টি হয়- ২৫ হাজার বছর পূর্ব থেকে।
- প্লাইস্টোসিনকালের সোপান অঞ্চল গঠিত হয়েছে- উত্তর পশ্চিমাঞ্চলে বরেন্দ্রভূমি, মধ্যভাগে মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় অঞ্চল।

**১২. গৌড়ের নাম জান্নাতাবাদ কে রাখেন?**
ক) শেরশাহ খ) হুমায়ুন গ) জাহাঙ্গীর ঘ) আকবর **উত্তর: গ**

তথ্য:
- মুঘল সম্রাট হুমায়ন গৌড়ের (পূর্বনাম লখনৌতি/লক্ষণাবতী)।
- ১৫৩৮ খ্রিষ্টাব্দে সম্রাট হুমায়ুন বাংলায় প্রবেশ করেন এবং গৌড় অধিকার করেন।
- তিনি গৌড় নগরের অপরূপ সৌন্দর্য এবং জলবায়ু দেখে মুগ্ধ হন।
- তাই তিনি গৌড় নগরীর নাম পরিবর্তন করে 'জান্নাতাবাদ' রাখেন।
- তার পিতা মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা- জহির উদ্দিন মুহম্মদ বাবর।

**১৩. কোন কাব্যটি ফার্সি ভাষা থেকে অনুদিত?**
ক) রসুল বিজয় খ) রাগমালা গ) ইউসুফ জোলেখা ঘ) পদ্মাবতী **উত্তর: গ**

তথ্য:
- ফার্সি কবি জামী রচিত গ্রন্থ 'ইউসুফ ওয়া জুলায়খা' হতে বাংলায় অনুবাদ করা হয় 'ইউসুফ জোলেখা'।
- অনুবাদক- শাহ্ মুহাম্মদ সগীর, আবদুল হাকিম ও গরীবুল্লাহ।
- বাঙালি কবিদের মধ্যে শাহ মুহাম্মদ সগীর প্রাচীনতম কবি।
- মধ্যযুগের প্রথম মুসলমান কবি।
- শাহ মুহাম্মদ সগীর গৌড়ের সুলতান গিয়াস উদ্দীন আজম শাহের সভাকবি থাকা অবস্থায় ইউসুফ জোলেখা প্রণয়োপাখ্যান রচনা করেন।

**১৪. সোমপুর বিহার বিখ্যাত হওয়ার কারণ এটি ছিল-**
ক) বিদ্যাশিক্ষার কেন্দ্রস্থল খ) শিল্প সংস্কৃতির লালন কেন্দ্র
গ) রাজধানীর সৌন্দর্য ঘ) কোনোটিই নয় **উত্তর: ক**

তথ্য:
- নওগাঁ জেলার পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার।
- পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮২১) অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকের এই বিহার তৈরী করেছিলেন।
- ১৮৭৯ খ্রিষ্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহাম এ বিশাল স্থাপনা আবিস্কার করেন।

**১৫. ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানে প্রাদেশিক পরিষদের নির্বাচনে আওয়ামীলীগ কতটি আসন পেয়েছিল?**
ক) ১৬৭ খ) ১৯৮ গ) ২৬৭ ঘ) ২৮৮ **উত্তর: ঘ**

তথ্য:
- পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়- ৭ ডিসেম্বর, ১৯৭০ সালে করাচিতে। (কিছু আসন ১৭ জানুয়ারি ১৯৭১)।
- ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ আসন লাভ করে- ১৬৭ টি।
- পূর্ব পাকিস্তানের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়- ১৭ ডিসেম্বর, ১৯৭০ সালে।
- মোট ৩০০টি আসনের মধ্যে আওয়ামী লীগ লাভ করে- ২৮৮ টি।
- ১৯৭০ সালে নির্বাচনে রাজনৈতিক দল অংশগ্রহণ করে- ২৪টি।
- ১৯৭০ সালে নির্বাচনে আওয়ামী লীগের প্রতিক ছিল- নৌকা।

**১৬. মহানবী (সা.) কত সালে মক্কা বিজয় করেন?**
ক) ৬৩০ খ) ৬৩১ গ) ৬৩২ ঘ) ৬৩৩ **উত্তর: ক**

- প্রথম অংশের এই লুকায়িত বা অনুল্লেখিত subject টিকেই দ্বিতীয় অংশের subject হিসেবে সঠিকভাবে উপস্থাপন করার নাম ই Dangling modifier। যেমন:

Incorrect: While going to class, a dog bit me.
Correct: I was bitten by a dog.

**19. You had better___the work today.**
a) finish b) finished c) to finish d) finishing **Ans: a**

তথ্য:
- Had better এর পর verb এর base form হয়। যেমন: You had better read the novel.
- এছাড়া modal auxiliary verb এর পর verb এর base form হয়।যেমন: I will take the part of you.

**20. Manufacturers often sacrifice quality____.**
a) and instead earn a bigger amounts of profit
b) in place to earn moré money
c) because of profit make
d) for a large profit margin **Ans: d**

তথ্য:
- Sacrifice for (something)- Give up, পরিত্যাগ করা।

কিছু গুরুত্বপূর্ণ **Appropriate Preposition:**
- Surrounded by/with– কোনো কিছু দ্বারা) পরিবেষ্টিত।
- Susceptible to – প্রভাবিত, সমর্থ,সহজে আবেগচালিত।
- Stare at (a person)- এক দৃষ্টিতে তাকানো।
- Stare in (the face) – একদৃষ্টে চোখে মুখে তাকানো।
- Struggle for (something) – কোনো কিছুর সংগ্রাম করা।
- Studded with – কোনো কিছু দ্বারা খচিত বা সজ্জিত।

**21. Something that becomes outdated is___.**
a) old b) ancient c) obsolete d) useless **Ans: c**

তথ্য:

| |
|---|
| **Obsolete:** No longer produced or used; out of date. |
| **Old:** Having lived for a long time; no longer young. |
| **Ancient:** belonging to the very distant past and no longer in existence. |
| **Useless:** not fulfilling or not expected to achieve the intended purpose or desired outcome. |

**22. Can you tell me how far___from the library? I have no idea how long___take to get there on foot.**
a) the museum is, it will
b) is the museum is, will it
c) isthe museum is, it will
d) the museum is, will it **Ans:a**

তথ্য: **Embedded Question:**
WH word দ্বারা কোনো বাক্যে embedded question থাকলে, WH শব্দের পরে subject+ verb বসে।
বাক্যের প্রথমে কেবলমাত্র Auxiliary verb থাকলেই বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) ব্যবহার করা যাবে। অন্য সকল ক্ষেত্রে বাক্যের শেষে ফুলস্টপ (.) বসবে।
**Embedded Question** এর গঠন:
(i) Auxiliary verb + subject + verb +WH word + sub + verb + extension +?
Example: Do you know where he lives?
(ii) Subject + verb + WH word + sub + verb + extension + (.)
Example: I know what he wants.



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

23. **The word 'Altruistic' is closest in meaning to___**
a) Benevolent b) Selfish
c) Mirage d) Austere **Ans: a**

তথ্য:

| | | |
|---|---|---|
| Altruistic পরোপকারী | Benevolent দয়ালু,পরোপকারেচ্ছু | Selfish স্বার্থপর |
| | Mirage- মরীচিকা | Austere- কঠোর |

**Synonym:** Beneficent, good, benevolent, charitable.
**Antonym:** Self-centered, self-concerned, selfish

24. **If you happen to greet your friend at 11pm, you should say___**
a) Good night! b) Good evening!
c) Good late evening! d) A good late evening! **Ans: b**

তথ্য:
- If you are parting and going your ways, yes you should say good night as that ends your conversation.
- But if you have just met the person at 11pm, a good evening or just a Hi! could do.

25. **Nasima hasn't begun working on her PhD___working on her master's.**
a) still because she is yet
b) yet because she is still
c) still while she is already
d) yet as a result she is still **Ans: b**

তথ্য:
- প্রথমত, yet থাকলে Sentence টি negative এবং present perfect tense হয়।
- দ্বিতীয়ত, still, present continuous tense এ auxiliary verb এবং principal verb এর মাঝে বসে।
- তৃতীয়ত, উপরোক্ত বাক্যের দ্বিতীয় clause টি প্রথম clause এর কারণ বুঝাচ্ছে, তাই because বসবে।

**Read the following passage and choose the alternative (A, B, C or D) to answer question(26-30):**

One of the seven wonders of the ancient world, the Great Pyramid of Giza was a monument of wisdom and prophecy built as a tomb for Pharaoh Cheops in 2720 B.C. Despite antiquity, certain aspects of its construction make it one of the truly great wonders of the world. The thirteen-acre structure near the Nile River is solid mass of stone blocks covered with limestone. Inside are a number of hidden passage ways and the burial chamber for the pharaoh. It is the largest single structure in the world. The four sides of the pyramid are aligned almost exactly on true north, south, east, and west- an incredible engineering feat. The ancient Egyptians were sun worshipers and great astronomers, so computations for the Great Pyramid were based on astronomical observations.

Explorations and detailed examinations of the base of the structure reveal many intersecting lines. Further scientific study indicates that these represent a type of timeline of events past, present, and future. Many of the events have been interpreted and found to coincide with known facts of the past. Others are prophesied for future generations and are currently under investigation. Many believe that pyramid have supernatural powers, and this one is no exception. Some researchers even associate it with extraterrestrial beings of the ancient past. Was this superstructure made by ordinary beings, or one built by a race far superior to any known today?

26. **What has research of the base revealed?**
a) There are cracks in the foundation.
b) Tomb robbers have stolen the pharaoh's body
c) The lines represent important events.
d) A superior race of the people built it. **Ans: c**

তথ্য: Passage এ বলা আছে, Explorations and detailed examinations of the base of the structure reveal many intersecting lines. Further scientific study indicates that these represent a type of timeline of events. এর দ্বারা বুঝা যায় অপশন (c) ছাড়া বাকী সব ভুল।

27. **Extraterrestrial beings are____**
a) very strong workers.
b) astronomers in the ancient times.
c) researchers in Egyptology.
d) living beings from other planets. **Ans: d**

তথ্য: The prefix 'extra' means 'outside' or 'beyond'. terrestrial refers to the earth. so extraterrestrial means to ' beings from somewhere beyond earth.

28. **What was the most probable reason for providing so many hidden passages?**
a) To allow the weight of the pyramid to settle evenly
b) To permit the high priests to pray at night
c) To enable the pharaoh's family to bring food for his journey to the afterlife
d) To keep grave robbers from finding the tom and the treasure buried with the pharaoh **Ans: d**

তথ্য: The author implies that there are a number of passages in order to protect the tomb and its treasures.

29. **What do the interseting lines in the base symbolize?**
a) Architect's plans for the hidden passage
b) Pathways of the great solar bodies
c) Astrological computations
d) Dates of important events taking place throughout time **Ans: d**

তথ্য: Passage এ বলা আছে, researchers have found that the interescting lines represent historical and future events.

30. **What is the best title of the passage?**
a) Symbolism of the Great Pyramid
b) Problems with the construction of the Great Pyramid
c) Wonders or the Great Pyramid of Giza
d) Exploration of the Burial Chamber of Cheops **Ans: c**

তথ্য: যেহেতু এর প্রথম থেকে শেষ অবধি পিরামিডের রহস্য নিয়ে আলোচনা করা হয়েছে তাই অপশন (c) সঠিক।

## সাধারণ জ্ঞান

১. **আমাদের মুক্তিযুদ্ধে কয়টি সেক্টর ছিল?**
ক) ৭ খ) ৯ গ) ১১ ঘ) ১৩ **উত্তর: গ**

তথ্য:
- স্বাধীনাত যুদ্ধকালে সারা দেশকে ১১ টি সেক্টরে এবং ৬৪ টি সাব সেক্টরে বিভক্ত করা হয়- ১১ জুলাই ১৯৭১ সালে।
- সেক্টরগুলো বিভক্ত করেন- কর্নেল এম এ জি ওসমানী।

মুক্তিযুদ্ধ চলাকালীন ১১ টি সেক্টর সমূহ

| সেক্টর | জেলাসমূহ |
|---|---|
| ১ | চট্টগ্রাম, বৃহত্তর চট্টগ্রাম, কক্সবাজার |
| ২ | ঢাকা, কুমিল্লা, নোয়াখালী, ফেনী |
| ৩ | ঢাকা (আংশিক), মৌলভীবাজার, হবিগঞ্জ (আংশিক) |
| ৪ | সিলেট (আংশিক) , সুনামগঞ্জ (আংশিক) |
| ৫ | সিলেট (অধিকাংশ), সুনামগঞ্জ (আংশিক) |
| ৬ | পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, লালমনিরহাট |
| ৭ | রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ, বগুড়া। |
| ৮ | মেহেরপুর, ঝিনাইদাহ, যশোর, কুষ্টিয়া, ফরিদপুর। |
| ৯ | বরিশাল (আংশিক), বরগুনা, খুলনা, বাগেরহাট (দক্ষিনাংশ) |
| ১০ | নৌ- সেক্টর [নিয়মিত সেক্টর কমান্ডার ছিলো না] |
| ১১ | শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল। |



Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২. মাস্টার দা সূর্য সেনের নেতৃত্বে গঠিত বিপ্লবী সংগঠনের কার্যক্রমের মধ্যে ছিল?
ক) চট্টগ্রাম বিপ্লবী বাহিনী গঠন খ) আজাদ হিন্দ ফৌজ গঠন উত্তর: ক
গ) হিন্দু-মুসলমানের ঐক্য দৃঢ়করণ
ঘ) নির্যাতন মূলক আইনের বিরুদ্ধে প্রতিবাদ

তথ্য:
- সূর্য সেন বা সূর্য কুমার সেন যিনি মাস্টারদা নামে সর্বাধিক পরিচিত।
- তিনি ২২ মার্চ ১৮৯৪ সালে, রাউজন উপজেলা, চট্টগ্রাম, ব্রিটিশ ভারত (বর্তমান বাংলাদেশ) জন্মগ্রহণ করেন।
- তার আদর্শে অনুপ্রাণিত হয়ে চট্টগ্রামে প্রথম বিপ্লবী সংগঠনের জন্ম হয়।
- ভারতবর্ষের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা হিসেবে পরিচিত ব্যক্তিত্ব।
- তার নামে ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আবাসিক হল রয়েছে।

৩. পদ্মা, যমুনা ও মেঘনা নদী কোথায় মিলিত হয়েছে?
ক) দৌলতদিয়া খ) চাঁদপুর গ) যশোর ঘ) কুষ্টিয়া উত্তর: খ

তথ্য:
- পদ্মা, যমুনা ও মেঘনা নদী মিলিত হয়েছে- চাঁদপুর।
- পদ্মা ও যমুনা নদী মিলিত হয়ে নামধারণ করে- পদ্মা।
- পদ্মা ও মেঘনা মিলিত হবার পর নামধারণ করে- মেঘনা।

**প্রধান প্রধান নদ নদীর মিলন স্থল:**

| নদ-নদী: | মিলন স্থল: |
|---|---|
| পুরাতন ব্রহ্মপুত্র+মেঘনা | ভৈরব বাজার (কিশোরগঞ্জ)। |
| যমুনা+বাঙ্গালী | বগুড়া |
| পদ্মা+যমুনা | শিবালয় (মানিকগঞ্জ, দৌলতদিয়া, গোয়ালন্দ (রাজবাড়ী) |
| পদ্মা + মেঘনা | চাঁদপুর |
| মহানন্দা ও পদ্মা | গোদাগাড়ী, রাজশাহী |
| পুনর্ভবা ও মহানন্দা | গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ |
| তিস্তা ও ব্রহ্মপুত্র নদ | চিলমারী, কুড়িগ্রাম |
| শীতলক্ষ্যা ও ধলেশ্বরী | সদর, নারায়ণগঞ্জ |
| মুহুরী ও ফেনী | সদর, ফেনী |
| সুরমা+কুশিয়ারা | আজমিরীগঞ্জ |

৪. 'The Spirit of Islam' বইটির লেখক কে? উত্তর: ক
ক) সৈয়দ আমীর আলী খ) সৈয়দ নিসার আলী
গ) নবাব আব্দুল লতিফ ঘ) মাওলানা আবুল কালাম আজাদ

তথ্য:
- সৈয়দ আমীর আলী ছিলেন কলকাতা হাইকোর্টের প্রথম মুসলিম বিচারপতি।
- এছাড়াও তিনি একজন আইনঅজ্ঞ, সমাজ সংস্কারক এবং লেখক।
- তিনি ইসলামের ইতিহাস নিয়ে কয়েকটি বিখ্যাত বই লিখেছেন।
- তার বইগুলোর মধ্যে অন্যতম- দ্যা স্পিরিট অফ ইসলাম।
- এ বইটি পরবর্তীকালে ব্রিটিস রাজ্যের সময় ভারতের আইনে মুসলিম আইন প্রবর্তন করার পেছনে ভূমিকা রেখেছিলেন।
- তার রচিত অন্যান্য বই সমূহ- এ ক্রিটিক্যাল এগজামিনেশন অফ দি লাইফ অ্যান্ড টিচিংস অফ মহম্মদ, অ্যা শর্ট হিস্টোরি অব দ্য সারাসিন্স, মহামেডান ল, হিস্ট্রি অফ মহামেডান সিভিলাইজেশন ইন ইন্ডিয়া ইত্যাদি।

৫. মহাভারত বাংলায় অনুবাদ করেন কে?
ক) শংকর খ) বেদব্যাস
গ) বাল্মীকি ঘ) পরমেশ্বর দাস উত্তর: ঘ

তথ্য:
- মহাভারত বাংলার অনুবাদ করেন- কবীন্দ্র পরমেশ্বর।
- মহাভারত সংস্কৃত ভাষায় রচিত প্রাচীন ভারতের দুটি প্রধান মহাকাব্যের অন্যতম।
- মহাভারতের অপর নাম- রামায়ণ।
- এই মহাকাব্যটি হিন্দুশাস্ত্রের ইতিহাস অংশের অন্তর্গত।
- লেখক- কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস। ■ মোট শ্লোক- ১০০,০০০।

**গুরুত্বপূর্ণ কিছু গ্রন্থ ও রচয়িতা**

| গ্রন্থ | রচয়িতা | গ্রন্থ | রচয়িতা |
|---|---|---|---|
| মহাভারত | বেদব্যাস | রামায়ন (বাংলা) | কৃত্তিবাস |
| মহাভারত (বাংলায় প্রথম) | কবীন্দ্র পরমেশ্বর | রামায়ণ (সংস্কৃত) | বাল্মীকি |
| মেঘদূত | কালিদাস | অর্থশাস্ত্র | কৌটিল্য |

৬. আব্বাস উদ্দিন যে ধরনের গানের জন্য বিখ্যাত-
ক) লোকগীতি খ) ব্যান্ডসংগীত
গ) রবীন্দ্র সংগীত ঘ) লালনগীতি উত্তর: ক

তথ্য:
- আব্বাস উদ্দিন জন্ম- ২৭ অক্টোবর ১৯০১; মৃত্যু- ৩০ ডিসেম্বর, ১৯৫৯
- আব্বাস উদ্দিন ছিলেন একজন বাঙালি লোক সঙ্গীতশিল্প, সঙ্গীত পরিচালক ও সুরকার।
- সঙ্গীতে অবদানের জন্য তিনি- প্রাইড অফ পারফরম্যান্স, মরণোত্তর (১৯৬০) পুরস্কার পান।
- এছাড়াও তিনি স্বাধীনতা পুরস্কার (১৯৮১), শিল্পকলা একাডেমী পুরস্কার (১৯৭৯) সালে ভূষিত হন।

৭. 'সংহিতা' শব্দের অর্থ কী?
ক) গান খ) যজ্ঞ গ) সংগ্রহ ঘ) সমীপে উত্তর:গ

তথ্য: কতিপয় কিছু শব্দের অর্থ:

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| সংহিতা | সংগৃহীত, সংগ্রহ | সহবত | সঙ্গ, সাহচর্য, সংসর্গ |
| সংহার | বিনাশ, ধ্বংস | সারথি | রথের চালক, নেতা |
| সবিতা | সূর্য | সারণি | তালিকা, নির্ঘণ্ট |
| সম্পৃক্ত | সংযুক্ত | সন্তরণ | সাঁতার |

৮. সাপ্তাহিক জয় বাংলা পত্রিকা কে সম্পাদনা করেছিলেন? উত্তর: গ
ক) প্রমথ চৌধুরী খ) সিকানদার আবু জাফর
গ) মতিন আহমেদ চৌধুরী ঘ) তফাজ্জল হোসেন মানিক মিয়া

তথ্য:
- সাপ্তাহিক জয় বাংলা ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর থেকে বাংলা ভাষায় প্রকাশিত বাংলাদেশ আওয়ামী লীগের একটি সাপ্তাহিক পত্রিকা।
- পত্রিকাটির প্রকাশক- আবদুল মান্নান।
- সম্পাদক- মতিন আহমেদ চৌধুরী (ভারপ্রাপ্ত)।

৯. ভিয়েতনামের মুদ্রার নাম কী?
ক) ভিয়েতনামিজডং খ) পেসো গ) ইউয়ান ঘ) ডলার উত্তর: ঘ

তথ্য: দক্ষিণ পূর্ব এশিয়ার দেশসমূহ:

| দেশ | রাজধানী | মুদ্রা |
|---|---|---|
| মিয়ানমার | নাইপিদো | কিয়াট |
| থাইল্যান্ড | ব্যাংকক | বাথ |
| ভিয়েতনাম | হ্যানয় | ডং |
| ফিলিপাইন | ম্যানিলা | পেসো |
| ইন্দোনেশিয়া | জাকার্তা | রুপিয়া |
| লাওস | ভিয়েনতিয়েন | কিপ |
| মালয়েশিয়া | পুত্রজায়া | রিঙ্গিট |
| ব্রুনাই | বন্দর সেরি বেগওয়ান | ডলার |
| কম্বোডিয়া | নমপেন | রিয়াল |
| সিঙ্গাপুর | সিঙ্গাপুর সিটি | ডলার |
| পূর্ব তিমুর | দিলি | মার্কিন ডলার |

১০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কখন জাতির জনক ঘোষণা করা হয়?
ক) ১০ জানুয়ারী ১৯৭২ খ) ১৬ ডিসেম্বর ১৯৭১
গ) ২৬ মার্চ ১৯৭১ ঘ) ৩ মার্চ ১৯৭১ উত্তর: ঘ

তথ্য:
- প্রাচীন বাঙালী সভ্যতার আধুনিক স্থপতি হিসাবে শেখ মুজিবুর রহমানকে বাংলাদেশের "জাতির জনক" বা "জাতির পিতা" বলা হয়ে থাকে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক উপাধিতে ভূষিত করা হয়- ৩ মার্চ ১৯৭১ সালে।
- ২৩ ফেব্রুয়ারী ১৯৬৯ সালের রেসকোর্স ময়দানে শেখ মজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়।
- বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করেন তৎকালীন ডাকসু ভিপি তোফায়েল আহমেদ।

১১. বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?
ক) কলকাতা খ) লন্ডন গ) টোকিও ঘ) দিল্লি উত্তর:

তথ্য:
- বিদেশী মিশনে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়- কলকাতাস্থ পাকিস্তানের ডেপুটি হাইকমিশনে।
- কলকাতায় প্রথম পতাকা উত্তোলন করেন-এম. হোসেন আলী, ১৮ এপ্রিল ১৯৭১ সালে।
- স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়- ২ মার্চ ১৯৭১
- বাংলাদেশের জাতীয় পতাকা দিবস- ২ মার্চ।
- বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়- ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলা ভবনের সামনে বটতলায়।
- বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করে- আ.স.ম. আবদুর রব।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১২. Bluetooth কোন প্রযুক্তির ব্যবহার করে?**
ক) ম্যাগনেটিক খ) রেডিও তরঙ্গ গ) অপটিক্যাল ঘ) লেজার **উত্তর: খ**

তথ্য:
- ব্লুটুথ (Bluetooth) তারবিহীন পারসোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) প্রটোকল যা রেডিও ওয়েভ ব্যবহার করে স্বল্প দূরত্বে ডেটা আদান প্রদান করে।
- দশম শতাব্দীতে ডেনমার্কের রাজা Harald Bluetooth এর নামনুসারে Bluetooth এর নামকরণ করা হয়।
- Bluetooth রেডিও তরঙ্গ প্রযুক্তির ব্যবহার করে। এছাড়াও একসাথে ৮টি ডিভাইসের মাধ্যমে যোগাযোগ স্থাপন করতে পারে।

**১৩. ঢাকায় বাংলার রাজধানী করে স্থাপিত হয়?**
ক) ১৫১০ খ) ১৫৯০ গ) ১৬০০ ঘ) ১৬১০ **উত্তর: ঘ**

তথ্য:
- সম্রাট জাহাঙ্গীরের আমলে বাংলার সুবাদার ইসলাম খান সর্বপ্রথম ১৬১০ সালে রাজমহল হতে ঢাকায় রাজধানী স্থানান্তর করেন।
- ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর।

**১৪. নিচের কোন বিষয়গুলোতে নোবেল পুরস্কার দেয়া হয়?**
ক) পদার্থ বিদ্যা ও রসায়ন খ) চিকিৎসাশাস্ত্র ও অর্থনীতি
গ) সাহিত্য ও শান্তি ঘ) সবগুলোতে **উত্তর: গ**

তথ্য:
- বর্তমানে নোবেল পুরস্কার প্রদান করা হয়- ৬টি বিষয়ে। চিকিৎসা বিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, সাহিত্য, শান্তি ও অর্থনীতিতে।
- নোবেল পুরস্কার ঘোষণা করে- ৪টি প্রতিষ্ঠান।
- চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার ঘোষণা করে- ক্যারোলিনস্কা ইনস্টিটিউট।
- পদার্থ, রসায়ন এবং অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদানকারী সংস্থা- রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্সস (সুইডেন)।
- সাহিত্য নোবেল পুরস্কার ঘোষণাকারী প্রতিষ্ঠান- সুইডিশ একাডেমি।
- শান্তিতে নোবেল পুরস্কার দেওয়া হয়- নরওয়ে।

**১৫. ক্রম অনুসারে ৩, ৪, ৭, ১১, ১৮ ... এর পরবর্তী সংখ্যা কোনটি?**
ক) ২৫ খ) ২৭ গ) ২৯ ঘ) ৩২ **উত্তর: গ**

তথ্য:
- ক্রমঅনুসারে ৩, ৪, ৭, ১১, ১৮ ... এর পরবর্তী সংখ্যা ২৯

**১৬. পার্ল হারবার কোথায় অবস্থিত?**
ক) হনলুলু খ) লস এঞ্জেলেস
গ) টোকিও ঘ) ওয়াশিংটন ডিসি **উত্তর: ঘ**

তথ্য:
- পার্ল হারবার মার্কিন যুক্তরাষ্ট্রের অধিভুক্ত হাওয়াই দ্বীপপুঞ্জে অবস্থিত একটি নৌ ও বিমান ঘাঁটি।
- সমরিক কৌশলগত দিক দিয়ে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা।
- পার্ল হারবার হাওয়াই দ্বীপে অবস্থিত।
- ১৯৪১ সালের ৭ ডিসেম্বর দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান এ অঞ্চলে আক্রমণ চালিয়ে তা দখল করে নেয়।

**১৭. এক নটিক্যাল মাইল কত মিটার?**
ক) ১৭৫২ মিটার খ) ১৮৫২ মিটার
গ) ১৯৫২ মিটার ঘ) ২০৫২ মিটার **উত্তর:খ**

তথ্য:
- ১ মহীসোপান এলাকা ৩৫০ নটিক্যাল মাইল।
- ১ নটিক্যাল মাইল= ১.১৫ মাইল বা ১৮৫২ মিটার
- বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা- ২০০ নটিক্যাল মাইল।
- বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা- ১২ নটিক্যাল মাইল।
- বাংলাদেশের সমুদ্র উপকূল বা জলসীমা- ৭১১ [৭১৬ কি.মি.]

**১৮. ইউজিসির বর্তমান চেয়ারম্যান কে?**
ক) অধ্যাপক কাজী শহীদুল্লাহ খ) অধ্যাপক নুজরুল ইসলাম
গ) অধ্যাপক আবদুল মান্নান ঘ) অধ্যাপক এ কে আজাদ **উত্তর:ক**

তথ্য:
- বাংলাদেশের বিশ্ববিদ্যালয় সমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান- UGC (ইউজিসি)।
- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রতিষ্ঠা হয়- ১ লা ফেব্রুয়ারী ১৯৭৩ সালে।
- সদস্য- ১৫ জন (১জন চেয়ারম্যান ১৪ জন সদস্য)।
- বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্যদের নিয়োগ দেয়- শিক্ষামন্ত্রী।
- বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রধান চেয়ারম্যান- প্রফেসর মুজাফ্ফর আহমদ চৌধুরী (দায়িত্ব গ্রহণ ১৫ এপ্রিল ১৯৭৩)।
- বর্তমান চেয়ারম্যান- অধ্যাপক কাজী শহীদুল্লাহ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক কাজী শহীদুল্লাহ।

**১৯. কোন মুসলিম লন্ডনের প্রথম নির্বাচিত মেয়র হন?**
ক) সাদিক খান খ) ইমরান খান
গ) রোশন আলী ঘ) টিউলিপ সিদ্দিক **উত্তর:ক**

তথ্য:
- লন্ডনের প্রথম মুসলিম মেয়র নির্বাচিত হন- সাদিক আমান খান।
- তিনি ২০১৬ সাল থেকে লন্ডনের মেয়র।
- তিনি পাকিস্তান থেকে ব্রিটেনে আসেন অভিবাসী হয়ে।
- দক্ষিণ লন্ডনের টটিন জেলায় বসবাসকারী একটি পাকিস্তান বংশোদ্ভূত ব্রিটিশ পরিবারে জন্ম গ্রহণ করেন- ৮ অক্টোবর, ১৯৭০ সালে।
- তার বাবা ছিলেন একজন বাস ড্রাইভার এবং মা ছিলেন দর্জি।
- তিনি ইউনিভার্সিটি অফ নর্থ লন্ডন থেকে আইন বিষয়ে ডিগ্রি অর্জন করেন।

**২০. কোন দেশে সফলভাবে হাইড্রোজেন বোমা পরীক্ষা করা হয়?**
ক) দক্ষিণ কোরিয়ায় খ) উত্তর কোরিয়ায়
গ) জাপানে ঘ) চীনে **উত্তর: খ**

তথ্য:
- পূর্ব এশিয়ার অন্যতম আলোচিত ও সমালোচিত দেশ উত্তর কোরিয়া।
- দেশটির উত্তরে চীন ও রাশিয়া, দক্ষিণে দক্ষিণ কোরিয়া এবং পূর্ব-পশ্চিমে পীত সাগর অবস্থিত।
- দেশটি ২০০৬ সালে বিশ্বের অষ্টম দেশ হিসেবে পারমাণবিক বোমার সফল পরীক্ষা চালায়।
- উত্তর কোরিয়া মোট ছয়টি পারমানবিক বোমা পরীক্ষা করেছে।
- সফলভাবে হাইড্রোজেন বোমা পরীক্ষা করা হয়- ৬ জানুয়ারি, ২০১৬ সালে।

**২১. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম-**
ক) ভানুসিংহ খ) কালকূট গ) চাণক্য ঘ) বনফুল **উত্তর: ক**

তথ্য: **কবিদের ছদ্মনাম:**

| কবির নাম | ছদ্মনাম |
|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | ভানুসিংহ |
| বলাইচাঁদ মুখোপাধ্যায় | বনফুল |
| সমরেশ বসু | কালকূট |
| জীবনানন্দ দাশ | রূপসী বাংলা কবি/ তিমির হননের কবি |
| মধুসূদন দত্ত | বাংলা সনেটের প্রবর্তক |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | অনিলা দেবী |
| রাজশেখর বসু | পশুররাম |
| প্রমথ চৌধুরী | বীরবল |

**২২. ১৯৪৩-এর দুর্ভিক্ষের চিত্রকর্ম কে এঁকেছিলেন?**
ক) কাইয়ুম চৌধুরী খ) জয়নুল আবেদীন
গ) কামরুল হাসান ঘ) মোহাম্মদ কিবরিয়া **উত্তর:**

তথ্য:
- ১৯৪৩ সাধরণত পঞ্চাশের মন্বন্তর (বাংলা ১৩৫০ সালে) হিসেবে গুরুতর মানবিক দূর্যোগ।
- ১৯৪৩ সালের দুভিক্ষকে উপজীব্য করে আঁকা 'দুভিক্ষ'।
- এটি ১৯৪৩ থেকে ১৯৪৬ সাল পর্যন্ত স্থায়ী হয়।
- ১৯৪৩ এর মন্বন্তরের চিত্র এঁকেছিলেন শিল্পাচার্য জয়নুল আবেদীন।
- এ দুর্ভিক্ষের ফলে সৃষ্ট মহামারিতে ৩৫ থেকে ৩৮ লক্ষ লোক মারা যায়।
- তাঁর অন্যান্য বিখ্যাত চিত্রকর্ম: চিত্র মালা, সংগ্রাম, সাঁওতাল, রমনী, ঝড়।

**২৩. শালবন বিহার কোথায় অবস্থিত?**
ক) কুমিল্লা খ) গাজীপুর গ) বগুড়া ঘ) রাজশাহী **উত্তর: খ**

তথ্য:
- শালবন বৌদ্ধ বিহার বাংলাদেশের প্রাচীন সভ্যতার নিদর্শনগুলোর মধ্যে অন্যতম।
- শালবন বিহার প্রত্নস্থাটির নির্মাণ ও ব্যবহারে শুরু হয় - আদি ঐতিহাসিক যুগে।
- শালবন বিহারের অবস্থান - কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি অঞ্চলে।
- শালবন বিহার আসলে একটি - বৌদ্ধ বিহার।
- শালবন বিহার নির্মাণ করেন - দেব বংশের রাজা শ্রীভবদেব।
- শালবন বিহারের একমাত্র দরজাটি ছিলো - উত্তরদিকে।

**বাংলাদেশের উল্লেখযোগ্য বৌদ্ধ বিহার:**

| বিহার | অবস্থান | বিহার | অবস্থান |
|---|---|---|---|
| শালবন বিহার | ময়নামতি, কুমিল্লা | ভাসু বিহার | শিবগঞ্জ, বগুড়া |
| হলুদ বিহার | বদলগাছী, নওগাঁ | জগদ্দল বিহার | রামাবর্তী, নওগাঁ |
| সোমপুর বিহার | বদলগাছী, নওগাঁ | সীতাকোট বিহার | নবাবগঞ্জ, দিনাজপুর |
| গোকুল বিহার | মহাস্থানগড়, বগুড়া | ভোজ বিহার | কোটবাড়ি, কুমিল্লা |

**২৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?**
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ) তাজউদ্দিন আহমদ
গ) ক্যাপ্টেন এম মুনসুর আলী ঘ) সৈয়দ নজরুল ইসলাম **উত্তর: খ**

তথ্য:
- বাংলাদেশের প্রথম- রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান।
- প্রধানমন্ত্রী- তাজউদ্দিন আহমদ।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- অস্থায়ী বা উপ-রাষ্ট্রপতি- সৈয়দ নজরুল ইসলাম।
- অর্থমন্ত্রী- ক্যাপ্টেন এম মুনসুর আলী।
- পররাষ্ট্রমন্ত্রী- খন্দকার মোশতাক আহমদ।
- ত্রাণ, পুর্ণবাসন ও স্বরাষ্ট্র মন্ত্রী- এ এইচ এম কামারুজ্জামান।

**২৫. বাংলাদেশ নেভাল একাডেমী কোথায় অবস্থিত?**

ক) পতেঙ্গা খ) মংলা গ) কক্সবাজার ঘ) কুয়াকাটা **উত্তর: ক**

তথ্য:
- বাংলাদেশ নেভাল একাডেমি বাংলাদেশ নৌবাহিনীর কমিশন্ড অফিসারদের প্রশিক্ষণ কেন্দ্র।
- বাংলাদেশ নেভাল একাডেমী অবস্থিত- পতেঙ্গা, চট্টগ্রাম।
- বাংলাদেশ নেভাল একাডেমী প্রতিষ্ঠিত হয়- ১৯৭৬ সালে।
- বাংলাদেশ মেরিন একাডেমি অবস্থিত- জলদিয়া, চট্টগ্রাম।
- বাংলাদেশ এয়ারফোর্স একাডেমি অবস্থিত- যশোরে অবস্থিত(পূর্বে ছিল ঢাকা)।
- বাংলাদেশ পুলিশ একাডেমী অবস্থিত- রাজশাহীর সারদায় অবস্থিত।
- আনসার একাডেমি অবস্থিত- সফিপুর, গাজীপুর।

**২৬. ম্যারাথন দৌড়ে কত দূরত্ব অতিক্রম করতে হয়?**

ক) ২৮ মাইল ২৮০ গজ খ) ২৬ মাইল ৩৮৫ গজ
গ) ২৪ মাইল ৪২৫ গজ ঘ) ২২ মাইল ৫১৫ গজ **উত্তর: খ**

তথ্য:
- ম্যারাথন দূরপাল্লার দৌড় খেলাবিশেষ।
- এ দৌড়ের দূরত্ব অতিক্রম করতে হয়- ৪২.১৯৫ কিলোমিটার বা ২৬ মাইল ৩৮৫ গজ।
- প্রচীন গ্রীক সৈনিক ফেইডিপ্পিডেস কর্তৃক ম্যারাথনের যুদ্ধ জয়ের সংবাদ বহন করে দৌড়ে এথেন্স নগরে নিয়ে এসেছিলেন।
- ম্যারাথনের যুদ্ধকে স্মরণীয় করে রাখতেই এ দৌড়ের নামকরণ করা হয় ম্যারাথন দৌড়।

**২৭. পৃথিবীর কোন দেশকে বজ্রপাতের দেশ বলা হয়?**

ক) জাপান খ) ভুটান গ) ভিয়েতনাম ঘ) ক্যামেরুন **উত্তর: খ**

তথ্য:
- ভুটানকে বলা হয়- বজ্রড্রাগনের দেশ।
- প্রথম ধুমপানমুক্ত দেশ- ভুটান; ভুটানের রাজধানী- থিম্পু।
- ভাষা- দোজংখা; মুদ্রা- গুলট্রাম।

এশিয়ার বিভিন্ন দেশের ভৌগলিক উপনাম

| দেশ | উপনাম |
|---|---|
| ভুটান | বজ্রপাতের দেশ |
| নেপাল | হিমালয়ের দেশ |
| থাইল্যান্ড | মুক্তভূমি ও শ্বেত হস্তির দেশ |
| মায়ানমার | সোনালী প্যাগোডার দেশ |
| জাপান | সূর্যোদয়ের দেশ, প্রাচ্যের গ্রেট বৃটেন |

**২৮. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে ছিলেন?**

ক) ড. আবদুল আজিজ খান খ) ড. এ আর মল্লিক
গ) অধ্যাপক আবুল ফজল ঘ) ড. আবদুর করিম **উত্তর:খ**

তথ্য:
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়- ১৮ নভেম্বর ১৯৬৬ সালে।
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য- অধ্যাপক আজিজুর রহমান মল্লিক (০১-১০-১৯৬৬ থেকে ৩১-০১-১৯৭২ সাল পর্যন্ত)।
- বর্তমান ১৮তম ও প্রথম মহিলা ভিসি- শিরিন আখতার।

**২৯. ক্রিকেটে টেস্ট খেলা শুরু হয় কত সালে?**

ক) ১৮৭৭ খ) ১৮৭৮ গ) ১৮৭৯ ঘ) ১৮৮০ **উত্তর: ক**

তথ্য: টেস্ট ক্রিকেট সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:
- প্রথম টেস্ট ক্রিকেট অনুষ্ঠিত হয় ১৮৭৭ সালে (ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে)।
- টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশি সেঞ্চুরি করেন- শচীন টেন্ডুলকার (৫১টি)।
- টেস্ট ক্রিকেটে প্রথম শতরান করেন- অস্ট্রেলিয়ার চার্লস ব্যানারম্যান।
- টেস্ট ক্রিকেটে প্রথম শতরানের জুটি করেন- W.G গ্রেস ও A.P লুকাস।
- বাংলাদেশ টেস্ট স্ট্যাটাস লাভ করে- ২৬ জুন, ২০০০ সালে।

**৩০. ২০২২ আইসিসি পুরুষ টি ২০ বিশ্ব কাপ-এর আয়োজক দেশ কোনটি?**

ক) বাংলাদেশ খ) অস্ট্রেলিয়া গ) ভারত ঘ) নিউজিল্যান্ড **উত্তর:খ**

তথ্য:
- আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল বা আইসিসি কর্তৃক পরিচালিত আইসিসি বিশ্ব টুয়েন্টি২০ বা আইসিসি ওয়ার্ল্ড টি২০ বা আইসিসি পুরুষ টি২০ বিশ্বকাপ।
- ২০২২ আইসিসি পুরুষ টি ২০ বিশ্ব কাপ অনুষ্ঠিত হয়- ১৬ অক্টোবর থেকে ১৩ নভেম্বর ২০২২ সালে।
- ২০২২ আইসিসি পুরুষ টি২০ বিশ্বকাপের আয়োজক দেশ- অস্ট্রেলিয়ায়।
- বিজয়ী দল- ইংল্যান্ড, রানার-আপ- পাকিস্তান।

**৩১. বাংলার প্রথম গভর্নর-জেনারেল কে ছিলেন?**

ক) ওয়ারেন হেস্টিংস খ) লর্ড কর্নওয়ালিস
গ) ক্যাম্পেনলুইন ঘ) রবার্ট ক্লাইভ **উত্তর: ঘ**

তথ্য:
- বাংলার প্রথম গভর্নর-জেনারেল- রবার্ট ক্লাইভ।
- রবার্ট ক্লাইভ পলাশীর সময় গভর্নর জেনারেল হিসেবে নিয়োজিত ছিলেন।
- বাংলার প্রথম ও স্বাধীন নবাব- মুর্শিদকুলী খান।
- বাংলার প্রথম স্বাধীন সুলতান - ফখরুদ্দীন মোবারক শাহ।

**৩২. সুয়েজ খাল কোন দুটি সাগরকে যুক্ত করেছে?**

ক) ভূমধ্যসাগর ও আরব সাগর খ) ভূমধ্যসাগর ও লোহিত সাগর
গ) লোহিত সাগর ও আর বসাগর
ঘ) পারস্য সাগর ও ওমান সাগর **উত্তর: খ**

তথ্য:
- সুয়েজ খাল একটি - কৃত্রিম সামুদ্রিক খাল।
- সুয়েজ খাল অবস্থিত - সিনাই উপদ্বীপের পশ্চিমে (মিশর)।
- সুয়েজ খাল সংযুক্ত করেছে- ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে।
- সুয়েজ খাল সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হয় - ১৮৬৯ সালে।
- সুয়েজ খাল খনন করা হয় - ১০ বছর ধরে।

**৩৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধে কোন জেলা প্রথম পাকিস্তানী শত্রু মুক্ত হয়?**

ক) যশোর খ) টাঙ্গাইল গ) গোপালগঞ্জ ঘ) হবিগঞ্জ **উত্তর: ক**

তথ্য:
- বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম পাকিস্তানী শত্রু মুক্ত হয়- যশোর জেলা, ১৯৭১ সালে।
- মুক্তিযুদ্ধকালীন ১১টি সামরিক সেক্টরের মধ্যে যশোর ছিল ৮নং সেক্টর।
- বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা- যশোর।

**৩৪. ১৫-২১ জুন ২০২২ কততম জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে?**

ক) ৪র্থ খ) ৫ম গ) ৬ষ্ঠ ঘ) ৭ম **উত্তর: গ**

তথ্য: সর্বশেষ জনশুমারি ও গৃহগণনা- ২০২২:
- শ্লোগান- জনশুমারিতে তথ্য দিন, পরিকল্পিত উন্নয়নে অংশ নিন।
- আয়োজন- সামগ্রিকভবে ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা (প্রথম ডিজিটাল)।
- মোট জনসংখ্যা- ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন।
- জনসংখ্যা বৃদ্ধির হার- ১.২২%
- জনসংখ্যার ঘনত্ব- ১,১১৯
- সাক্ষরতার হার- ৭৪.৬৬%

**৩৫. কোন দেশে বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?**

ক) ঘানা খ) নাইজেরিয়া গ) সুদান ঘ) সিয়েরালিওন **উত্তর: ঘ**

তথ্য:
- বর্তমানে বাংলাদেশ ব্যতীত আরো দুটি দেশের দাপ্তরিক ভাষা- বাংলা।
- দেশ দুটি হলো- সিয়েরা লিওন ও যুক্তরাজ্য।
- আফ্রিকার একটি দেশ সিয়েরা লিওন তাদের দ্বিতীয় রাষ্ট্র ভাষা হিসাবে বাংলা ভাষাকে স্থান দেয়।
- সিয়েরা লিওনের রাষ্ট্রপতি ২০০২ সালে বাংলাকে তাদের দ্বিতীয় মাতৃভাষা হিসেবে স্বীকৃতি দেয়।
- ইংরেজি তাদের প্রধান সরকারী ভাষা।
- এছাড়াও 'বাংলাদেশ রোড' নামে একটি রাস্তা রয়েছে সিয়েরা লিওনে।

**৩৬. বাংলাদেশের সংবিধান রক্ষক কে?**

ক) সংসদ খ) মন্ত্রীসভা গ) হাইকোর্ট ঘ) সুপ্রিম কোর্ট **উত্তর:ঘ**

তথ্য:
- বাংলাদেশ সংবিধানের ব্যাখ্যাকারক ও অভিভাবক- সুপ্রিম কোর্ট।
- বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম- সুপ্রিম কোর্ট।
- 'কোর্ট অব রেকর্ড' বলা হয়- সুপ্রিম কোর্ট আদালতকে।
- সুপ্রিম কোর্ট গঠিত- হাইকোর্ট এবং আপিল বিভাগ নিয়ে।
- সুপ্রিম কোর্ট সম্পর্কে বিধান রয়েছে- সংবিধানের ৬ষ্ঠ অধ্যায়ে।
- সুপ্রিম কোর্টের কথা আছে সংবিধানের- ১০০ নং ধারায়।
- হাইকোর্ট এবং আপিল বিভাগের এখতিয়ার বর্ণিত আছে সংবিধানের- ১০১ ও ১০৩ নং ধারায়।
- সুপ্রিম কোর্টের আপিল বিভাগের প্রথম নারী বিচারপতি- নাজমুন আরা সুলতানা।

**৩৭. 'সতীদাহ প্রথা' রহিত হয় কোন সালে?**

ক) ১৮২০ খ) ১৮২১ গ) ১৮২৯ ঘ) ১৮৩০ **উত্তর: গ**

তথ্য:
- সতীদাহ প্রথা হচ্ছে হিন্দু ধর্মাবলম্বী বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরনে বা আত্মাহুতি দেবার ঐতিহাসিক প্রথা।
- ১৮১২ সালে ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা রাজা রামমোহন রায় এ প্রথা



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

নিষিদ্ধ করার কারনকে প্রচার শুরু করেন।
- ১৮২৯ সালে ব্রিটিশ ভারতের গর্ভনর জেনারেল লর্ড উইলিয়াম বেন্টিস্ক আইন করে সতীদাহ প্রথা রহিত/বিলোপ করে দেন।

৩৮. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?
ক) পদ্মা খ) মেঘনা গ) যমুনা ঘ) শীতলক্ষ্যা **উত্তর:খ**

তথ্য:
- বাংলাদেশের দীর্ঘতম, বৃহত্তম, প্রশস্ততম, গভীরতম, নাব্য নদী - মেঘনা।
- অধিক চর বোষ্টিত নদী- যমুনা।
- বাংলাদেশের একমাত্র খরস্রোতা নদী- কর্ণফুলী।
- বাংলাদেশের অন্তর্জাতিক মানের নদী/কীর্তিনাশা নদী- পদ্মা।

৩৯. নোবেল পুরস্কার চালু হয় কত সালে?
ক) ১৯০১ খ) ১৯০২ গ) ১৯০৩ ঘ) ১৯০৪ **উত্তর: ক**

তথ্য:
- বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার নোবেল পুরস্কার।
- নোবেল পুরস্কার প্রবর্তন করেন- আলফ্রেড বার্নার্ড নোবেল।
- প্রথমবার নোবেল পুরস্কার দেয়া হয়- ১৯০১ সালে।
- ১৯০১ সাল থেকে প্রতি বছর ১০ ডিসেম্বর নোবেল পুরস্কার প্রদান করা হয়।

৪০. কোন দেশ আমেরিকাকে 'স্ট্যাচু অব লিবার্টি' উপহার দিয়েছিল?
ক) কানাডা খ) ফ্রান্স গ) ব্রাজিল ঘ) ইংল্যান্ড **উত্তর: খ**

তথ্য:
- স্ট্যাচু অব লিবার্টি ভাস্কর্যটি ১৮৮৬ সালে ফ্রান্স যুক্তরাষ্ট্রকে উপহার দেয়।
- যা বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের লিবার্টি আইল্যান্ডে দাড়িয়ে আছে।
- যুক্তরাষ্ট্রের স্বাধীনতার শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে ১৮৮৬ সালে ফ্রান্স উপহার দেয়।
- এর নকশা করেন ফেড্রিক অগাস্তে বারথোল্ডি।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
### কলা ও মানববিদ্যা অনুষদ- ভর্তি পরীক্ষা: ২০২০-২০২১
**সময়: ১ ঘন্টা 'B'- ইউনিট (হালদা) পূর্ণমান: ১০০**

### বাংলা- ৩৫

সংক্ষিপ্ত সিলেবাস ২০২২ অনুসারে

১. 'বেওয়ারিশ' কোন সমাসের উদাহরণ?
ক) কর্মধারয় খ) দ্বিগু গ) বহুব্রীহি ঘ) তৎপুরুষ **উত্তর:গ**

তথ্য:
- নেই ওয়ারিশ যার = বেওয়ারিশ (নঞ্ বহুব্রীহী সমাস)।
- নঞ্ (না অর্থবোধক) অব্যয় পূর্বপদে বসে যে বহুব্রীহি সমাস হয়, তাকে নঞ্ বহুব্রীহি বলে।
- নঞ্ বহুব্রীহি সাধিত পদটি বিশেষণ হয়। যেমন: হায়া নাই যার = বেহায়া, নেই পরোয়া যার = বেপরোয়া, কর্ম নাই যার = বেকার ইত্যাদি।

২. 'সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান ---'এ পঙ্ক্তির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?
ক) স্বাধীনতা খ) কবিতা গ) মুক্তি ঘ) সংগীত **উত্তর:খ**

তথ্য:
- আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তীর কথা বলছি' কবিতায় উল্লেখিত রচণ: "সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
সুপুরুষ ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা
জিহ্বায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কবিতা
রক্তজবার মতো প্রতিরোধের উচ্চারণ কবিতা।"

৩. ফ্যাসিবাদবিরোধী কাব্যগ্রন্থ 'আকাল' সম্পাদনা করেন কে?
ক) সুভাষ মুখোপাধ্যায় খ) সমর সেন
গ) সুকান্ত ভট্টাচার্য ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তর:গ**

তথ্য:
- কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য পঞ্চাশের মন্বন্তর উপলক্ষ করে তাঁর সম্পাদিত গ্রন্থ- আকাল।
- আকাল গ্রন্থটি সুকান্তের জীবিতাবস্থায় প্রকাশিত একমাত্র গ্রন্থ।
- আকাল (১৩৫১) : ফ্যাসিবাদ বিরোধী লেখক ও শিল্পী সংঘের পক্ষে 'আকাল' নামে একটি কাব্যগ্রন্থ সম্পাদনা করেন।

৪. কোনটি শামসুর রাহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ?
ক) অক্টোপাস খ) দুঃসময়ের মুখোমুখি
গ) কালের ধুলোয় লেখা ঘ) অদ্ভুত আঁধারে এক **উত্তর:গ**

তথ্য: কবি শামসুর রহমানের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম:

| | |
|---|---|
| আত্মস্মৃতি | কালের ধুলোয় লেখা, স্মৃতির শহর। |
| শিশুতোষ | এলাটিং বেলাটিং, ধান ভানলে কুঁড়ো দেবো, গোলাপ ফোটে খুকীর হাতে, রংধনু সাঁকো, লাল ফুলকির ছড়া। |
| কাব্য | প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে (প্রথম কাব্য), রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, এক ফোঁটা কেমন অনল, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ। |
| উপন্যাস | অক্টোপাস, নিয়ত মন্তাজ, অদ্ভুদ আঁধার এক, এলো সে অবেলায়। |

৫. 'সিরাজউদ্দৌলা' নাটকের 'ইনি কি নবাব না ফকির' কে, কাকে উদ্দেশ্য করে বলেছে?
ক) ক্লাইভ, মীরনকে খ) ক্লাইভ, মীরজাফরকে
গ) ওয়াটস, মীরনকে ঘ) ওয়াটস, মীরজাফরকে **উত্তর:খ**

তথ্য: সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- নাটকের মোট অঙ্কসংখ্যা- ৪টি।
- নাটকটির মোট দৃশ্যসংখ্যা- ১২টি।
- নাটকের চতুর্থ অঙ্কের প্রথম দৃশ্যে উল্লেখিত উক্তিটি করে ক্লাইভ, মীরজাফরকে।

৬. বন্ধুদের সাথে বাজি ধরে খ্যাতি লাভ করেছিলেন কোন লেখক?
ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ) মানিক বন্দোপাধ্যায়
গ) বিভূতিভূষণ বন্দোপাধ্যায় ঘ) আখতারুজ্জামান ইলিয়াস **উত্তর:খ**

তথ্য:
- মানিক বন্দ্যোপাধ্যায় বাংলা, বিহার, উড়িষ্যার বিভিন্ন স্কুল ও কলেজে তিনি পড়াশোনা করেন।
- তিনি মাত্র আটচল্লিশ বছর বেঁচেছিলেন।
- কলকাতার প্রেসিডেন্সি কলেজে বিএসসি পড়ার সময়ে মাত্র বিশ বছর বয়সে বন্ধুদের সঙ্গে বাজি ধরে তিনি প্রথম গল্প 'অতসীমামী' লিখে খ্যাতি অর্জন করেন।
- তারপর বাকী জীবনের বাকি আটাশ (২৮) বছর নিরবচ্ছিন্নভাবে লিখে গেছেন।

৭. 'যে কবিতা শুনতে জানে না / সে আজন্ম ক্রীতদাস থেকে যাবে।'- কোন কবিতার চরণ?
ক) লোক লোকান্তর খ) আমি কিংবদন্তির কথা বলছি
গ) ফেব্রুয়ারি ১৯৬৯ ঘ) রক্তে আমার অনাদি অস্থি **উত্তর:খ**

তথ্য:
- আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় উল্লেখিত চরণটি- "যে কবিতা শুনতে জানে না
সে ঝড়ের আর্তনাদ শুনবে।
যে কবিতা শুনতে জানে না
সে দিগন্তের অধিকার থেকে বঞ্চিত হবে।
যে কবিতা শুনতে জানে না
সে আজন্ম ক্রীতদাস থেকে যাবে।"

৮. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক) অতি খ) প্রতি গ) অঘা ঘ) অধি **উত্তর:গ**

তথ্য:
- বাংলা বা খাঁটি বাংলা বা দেশি উপসর্গ মোট **একুশটি**। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।
- তৎসম উপসর্গ মোট **বিশটি**। যথা- প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির, দুর, বি, সু, উৎ, অধি, পরি, প্রতি, উপ, আ, অপি, অভি, অতি।

৯. কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদারণ?
ক) ঘনশ্যাম খ) স্নেহনীড় গ) কুসুমকোমল ঘ) করপল্লব **উত্তর:ঘ**

তথ্য:
- সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে।
- এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়। এতে দুটো পদই বিশেষ্য। এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমন: করপল্লব = কর পল্লবের ন্যায়, সিংহপুরুষ = পুরুষ সিংহের ন্যায়, চন্দ্রমুখ = মুখ চন্দ্রের ন্যায়, করকমল = কর কমলের ন্যায়।

১০. খালেক ব্যাপারির প্রথম পক্ষের স্ত্রীর নাম কী?
ক) আমেনা খ) তানু বিবি গ) জমিলা ঘ) হাসুনির মা **উত্তর:ক**

তথ্য:
- সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসে খালেক ব্যাপারী অন্যতম প্রতিনিধিত্বশীল চরিত্র।
- খালেক ব্যাপারীর দুই স্ত্রী। প্রথম স্ত্রীর নাম- আমেনা, দ্বিতীয় স্ত্রী- তানুবিবি।
- এই উপন্যাসটির প্রধান চরিত্র - মজিদ।
- এই উপন্যাসটির প্রধান নারী চরিত্র - জমিলা।
- অন্যান্য চরিত্র- রহিমা, আক্কাস।

Confusion! দ্রুত সমাধান পেতে Join করুন- FB Page/Group: প্রিভিউ-Preview বিশ্ববিদ্যালয় ভর্তি সহায়িকা।
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার